হৃদয়ে লাল সবুজ


# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৪৬ ঃ মেহেরপুর- শুক্রবার ১৯ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ৪ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ২৫ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



মৌসুমী কেন বললেন, 'সহ্যক্ষমতার সীমা অতিক্রম হয়ে যাচ্ছে'-পৃষ্ঠা-৩





## ঘুষের টাকা না দেওয়াই বের করে দিল প্রধান শিক্ষক

নিজস্ব প্রতিবেদক

ঘুষের ৫ লাখ টাকা না দেওয়ায় মেহেরপুরের গাংনী পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অফিস সহায়ক হাসানুজ্জামানকে বিদ্যালয়ে থেকে বের করে দিল প্রধান শিক্ষক মো. আশরাফুজ্জামান। গতকাল বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) সকালে বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। জানা গেছে, সরকারি বিধি মোতাবেক হাসানুজ্জামান ২০15 সালের ১২ জুলাই বিদ্যালয়ে এমএলএসএস (পিয়ন) পদে নিয়োগ পান। নিয়োগের সময় বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান তার কাছ থেকে ৩ লাখ ৭৫ হাজার টাকা নেন। পরবর্তীতে ২০২৩ সালের ১৮ ডিসেম্বর অফিস সহায়ক হিসেবে হাসানুজ্জামান জাতীয়কৃত পদে বিদ্যালয়ে যোগদান করেন। অফিস সহায়ক হাসানুজ্জামান অভিযোগ করে বলেন, বিদ্যালয়ে চাকরিতে যোগদানের সময় প্রধান শিক্ষক আশরাফুজ্জামান আমার কাছে থেকে ৩ লাখ ৭৫ হাজার টাকা নেন। চাকরি জাতীয়করণের পর তিনি প্রায়ই আমার ওপর ক্ষিপ্ত থাকেন। নানা সময় অপমান, অপদস্ত করেন। বৃহস্পতিবার(১৮ সেপ্টেম্বর) সকালে বিদ্যালয়ে হাজিরা খাতায় স্বাক্ষর করতে গেলে প্রধান শিক্ষক আমাকে স্বাক্ষর করতে দেননি। পরে তিনি একটি চুক্তিনামা লিখে আনেন। সেই চুক্তিতে বলা হয়, এই বিদ্যালয়ে চাকরি করতে হলে জাতীয়করণের জন্য ব্যয় বাবদ

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রধান উপদেষ্টার সফরসঙ্গী হয়ে জাতিসংঘে যাচ্ছেন তিন দলের চার নেতা

সূর্যোদয় প্রতিবেদন

জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনে যোগ দিতে আগামী ২১ সেপ্টেম্বর রাতে নিউইয়র্ক যাচ্ছেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস। এ সফরে তাঁর সঙ্গে যাচ্ছেন দেশের তিন রাজনৈতিক দলের চার শীর্ষ নেতা। সফরসঙ্গীদের মধ্যে রয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। আরও রয়েছেন জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের এবং জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেন। বুধবার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক ব্রিফিংয়ে প্রধান উপদেষ্টার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা তৌহিদ হোসেন এ তথ্য জানান। তিনি বলেন, "ভবিষ্যতে রাজনীতিবিদরাই দেশ পরিচালনা করবেন, এ কারণেই এবার প্রতিনিধি দলে তাঁদের অন্তর্ভুক্ত

২-এর পৃষ্ঠা দেখুন

## আমাদের সূর্যোদয় পত্রিকার সংবাদে আদালতের স্বপ্রণোদিত মামলা

নিজস্ব প্রতিবেদক

'গাংনীতে বিধবা বৃদ্ধার চাল আত্মসাৎ ডিলারের বিরুদ্ধে জাল টিপসহির অভিযোগ' শিরনামে গত ১৭ সেপ্টম্বর আমাদের সূর্যোদয় পত্রিকায় প্রকাশিত সংবাদ প্রকাশিত হয়। এসংবাদটি আমলী আদালতের দৃষ্টিগোচর হলে, আদালত স্বপ্রণোদিত হয়ে বিষয়টি তদন্তর জন্য গাংনী থানার ভার প্রাপ্ত র্কর্তা ওসিক নির্দেশ দিয়েছেন। আমলী আদালতেরবিচারক জাহিদুর রহমান স্বপ্রণোদিত হয়ে বিষয়টি আমলে নিয়ে গতকাল বৃহস্পতিবার (১৯ সেপ্টম্বর) এই আদেশ দিয়েছেন। মামলার বিবরণে বলা হয়েছে গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় নিয়োগপ্রাপ্ত ডিলার জিয়াউর রহমানের বিরুদ্ধে এক বিধবা বৃদ্ধার চাল আত্মসাৎ করার সংবাদ "আমাদের সূর্যোদয়" পত্রিকায় গত ১৭ সেপ্টেম্বর প্রকাশিত হয়। সংবাদটি আদালতের নজরে আসে। সেখানে উল্লেখ করা হয়, ৭৫ বছর বয়সী বিধবা বেনুয়ারা খাতুনের টিপসহি জাল করে আগস্ট মাসের প্রাপ্য ৩০ কেজি চাল আত্মসাৎ করেছেন ডিলার। এ ঘটনাকে আদালত অমানবিক ও শাস্তিযোগ্য অপরাধ হিসেবে অভিহিত করেছেন। মামলায় উল্লেখ করা হয়, উক্ত অভিযোগ প্রমাণিত হলে তা দণ্ডবিধি ১৮৬০-এর ৪৬৭, ৪৬৮, ৪০৬ ও ৪২০ ধারায় শাস্তিযোগ্য অপরাধ, যার জন্য কারাদণ্ড ও জরিমানার বিধান রয়েছে। এ ঘটনায় কোনো আইনি ব্যবস্থা গ্রহণ করা হয়নি বলেও আদালত উল্লেখ করেন। পরিপ্রেক্ষিতে আদালত অফিসার ইনচার্জ (স্বয়ং), গাংনী থানাকে বিষয়টি তদন্তের নির্দেশ দেন এবং আগামী ২০ অক্টোবর ২০২৫-এর মধ্যে পূর্ণাঙ্গ তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেন। অভিযুক্ত ডিলার জিয়াউর রহমান গাড়াবাড়িয়া গ্রামের খলিলুর রহমানের ছেলে এবং গাড়াবাড়িয়া নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক। তিনি প্রথমে দাবি করেন, "বেনুয়-ারা


ডিলার জিয়াউর রহমান
বিধবা বেনুয়ারা খাতুন
গাংনীতে বিধবা বৃদ্ধার চাল আত্মসাৎ ডিলারের বিরুদ্ধে জাল টিপসহির অভিযোগ
নিজস্ব প্রতিবেদক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর জেনারেল হাসপাতালের নতুন ভবন উদ্বোধন আজ

নিজস্ব প্রতিবেদক

অবশেষে আজ শুক্রবার উদ্বোধন হতে যাচ্ছে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের নবনির্মিত ভবন। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মেহেরপুরের উজ্জল নক্ষত্র মনির হায়দার উদ্বোধন অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন। এছাড়াও সম্মানিত অতিথি হিসেবে

২-এর পৃষ্ঠা দেখুন

## মুজিবনগরে পুলিশের অভিযানে গ্রেফতার দুই

নিজস্ব প্রতিবেদক

মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে ২ জন ওয়ারেন্টভুক্ত আসামীকে গ্রেফতার করেছে। গত বুধবার (১৭ সেপ্টম্বর) রাতে মুজিবনগর থানা পুলিশের একটি দল মধ্যরাত থেকে বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে। মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান প্রেসবিঝ্হপ্তিতে জানান, গ্রেফতারকৃতরা হলেন মোঃ মানিক (৩৫) ও মোছাঃ রাবিয়া খাতুন (৬০), উভয়েই মুজিবনগরের কোমরপুর গ্রামের বাসিন্দা। তাদের বিরুদ্ধে মুজিবনগর থানায় ১৫ মে

২-এর পৃষ্ঠা দেখুন



## শিক্ষার মান উন্নয়নে জেলা প্রশাসকের আগ্রহ: সরকারি বালক উচ্চ বিদ্যালয় পরিদর্শন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় গতকাল বৃহস্পতিবার (১৮ সেপ্টম্বর) দুপুরে জেলার জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের উপস্থিতিতে মুখরিত হয়ে উঠল। শিক্ষার মান উন্নয়নে সরাসরি দৃশ্যমান আগ্রহ প্রদর্শন করতে এসে তিনি বিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষকদের সঙ্গে সময় কাটালেন এবং তাদের সঙ্গে সরাসরি

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে রাতের আঁধারে চার দোকানে চুরি, ক্ষতি ৩ লক্ষাধিক টাকা

গাংনী প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে রাতের আঁধারে হাড়িয়াদহ-মহিষাখোলা মোড়ের চারটি দোকানের তালা ভেঙে নগদ টাকাসহ তিন লক্ষাধিক টাকার মালামাল চুরি করে নিয়ে গেছে অজ্ঞাত চোরেরা। বুধবার (১৭ সেপ্টেম্বর) গভীর রাতে এ ঘটনা ঘটে। ভুক্তভোগীরা জানান, চুরি হওয়া দোকানগুলো থেকে নগদ টাকা, মোবাইল রিচার্জ কার্ড, বিভিন্ন ব্র্যান্ডের সিগারেটসহ মুদিপণ্যের মালামাল নিয়ে গেছে চোরেরা। এর মধ্যে মুদির ব্যবসায়ী আশরাফুল ইসলামের ক্ষতি প্রায় দুই লক্ষ টাকা,

২-এর পৃষ্ঠা দেখুন



## দারিয়াপুরে বিএনপির গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামে গতকাল বৃহস্পতিবার (১৮ সেপ্টম্বর) বিকেলে দারিয়াপুর ইউনিয়ন বিএনপির উদ্যোগে একটি গণসংযোগ ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বিএনপি'র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর কোর্ট হাজতখানায় লাইব্রেরী উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে কোর্ট হাজতখানায় নতুন লাইব্রেরী স্থাপন করা হয়েছে।গতকাল বৃহস্পতিবার (১৮ সেপ্টম্বর) সকালের দিকে আনুষ্ঠানিকভাবে লাইব্রেরীর ফলক উন্মোচন করেন সিনিয়র জেলা ও দায়রা জজ এস.এম. নাসিম রেজা। লাইব্রেরী ফলক উন্মোচন অনুষ্ঠানে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের জেলা ও দায়রা জজ আলী মাসুদ শেখ, অতিরিক্ত জেলা ও দায়রা জজ এস.এম. মাসুদ জামান, অতিরিক্ত চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মুহাম্মদ নাছির উদ্দীন ফরাজী, যুগ্ম জেলা ও দায়রা জজ ইমদাদুল হক, সিনিয়র জুডিশিয়াল

২-এর পৃষ্ঠা দেখুন

## তরুণরা ফাঁকা বুলি চায় না: তারেক রহমান

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের বর্তমান চ্যালেঞ্জগুলোকে আলাদা আখ্যা দিয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, তরুণ প্রজন্ম ফাঁকা বুলি নয়, বাস্তব সুযোগ চায়। বৃহস্পতিবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক বার্তায় তিনি বলেন, "নিজ ঐতিহ্যকে ধারণ করে বিএনপি প্রাধান্য দিচ্ছে একটি শৃঙ্খলাবদ্ধ, ভবিষ্যৎমুখী ও আধুনিক বাংলাদেশ বিনির্মাণে। আমরা জানি, তরুণরা চায় বাস্তব সুযোগ; জনগণ চায় স্থিতিশীলতা; আর দেশবাসী চায় বাংলাদেশ হোক একটি বিশ্বাসযোগ্য গণতান্ত্রিক রাষ্ট্র।" তিনি আরও উল্লেখ করেন, আগামী ফেব্রুয়ারির জাতীয় নির্বাচন সামনে রেখে বিএনপির

২-এর পৃষ্ঠা দেখুন



## পুলিশের আইন-শৃঙ্খলা ও অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পুলিশ সুপারের কার্যালয়ে আগস্ট মাসের "মাসিক আইন-শৃঙ্খলা ও অপরাধ পর্যালোচনা সভা" অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) বিকাল সাড়ে তিনটায় পুলিশ সুপারের কার্যালয়ের কনফারেন্স রুমে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী জেলা পুলিশের সকল অফিসার ও ফোর্সকে আইন-শৃঙ্খলা রক্ষা, সন্ত্রাসবাদ, সাম্প্রদায়িক উস্কানি, মাদক নির্মূল, অনলাইন জুয়া ও কিশোর গ্যাংসহ বিভিন্ন অপরাধ দমনে বিভি-ন্ন দিক-নির্দেশনা প্রদান করেন। এছাড়াও সততা, সাহসিকতা, কঠোর

২-এর পৃষ্ঠা দেখুন

## জাতীয় নির্বাচনের জন্য ৭০ শতাংশ কেনাকাটা শেষ: ইসি সচিব

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় সংসদ নির্বাচনের জন্য প্রয়োজনীয় সরঞ্জামের ৭০ শতাংশ কেনাকাটা ইতিমধ্যে সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন (ইসি) সচিব আখতার আহমেদ। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। ইসি সচিব বলেন, "আমাদের নির্বাচন সামগ্রী সংগ্রহের কাজ চলমান। স্বচ্ছ ব্যালট বক্সের লক, অফিসিয়াল সিল, মার্কিং সিল, ব্রাস সিল, হেশিয়ান বড় ব্যাগ, হেশিয়ান ছোট ব্যাগ এবং গানি ব্যাগসহ প্রয়োজনীয় সরঞ্জামের ৭০ শতাংশ কেনাকাটা হয়ে গেছে। মোটামুটি ১০টি আইটেমসহ কিছু

২-এর পৃষ্ঠা দেখুন




## যৌথ বাহিনীর অভিযানে দেশী অস্ত্রসহ আটক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শেখপাড়া এলাকায় যৌথ বাহিনীর অভিযানে দেশী অস্ত্রসহ একজনকে আটক করেছে। বুধবার (১৭

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (নারীর কর্মজীবনে দৃশ্যমান অগ্রগতি)

কর্ম করে খাচ্ছে নারী
বসে নেই কেউ ঘরে
কেউ চলছে সমিতি করে
কেউবা খাটছে মাঠে।
সমান সমান পাই না খরচ
নারীর যত বাধা
বৈষম্যের সৃষ্টি করে
পুরুষ বলে কথা।
নারী এখন চালায় রেল
রাজপথে মটর কার
হিসাব নিকাশ উর্ধ্বে থেকে
ধার ধারে না আর।
নিজের কাজ নিজে করে
পিছনে কেউ লাগায় না ফৈউ
নারীর অধিকার নিজে গড়ে
কেড়ে নেবে না কেউ।



## বুড়িপোতায় শিক্ষা, কৃষি সামগ্রী বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের উদ্যোগে এবং ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল ও এডিপি'র অর্থায়নে ২০২৪-২৫ অর্থবছরে শিক্ষা, কৃষি ও সামাজিক উন্নয়ন খাতে বিভিন্ন সামগ্রী বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার(১৮ সেপ্টম্বর) দুপুরে

২-এর পৃষ্ঠা দেখুন

## তালেবানের আমন্ত্রণে আফগানিস্তানে মামুনুল হকসহ ৬ আলেম

সূর্যোদয় প্রতিবেদন

রাষ্ট্রীয় আমন্ত্রণে আফগানিস্তান সফরে গেছেন বাংলাদেশের প্রখ্যাত ওলামায়ে কেরামের একটি প্রতিনিধি দল। দলের নেতৃত্বে আছেন বাংলাদেশ খেলাফত মজলিশের নেতা মাওলানা মামুনুল হক। বুধবার (১৭ সেপ্টেম্বর) তারা কাবুলে পৌঁছান। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) খেলাফত মজলিশের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, সফরকালে প্রতিনিধি দল ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের প্রধান বিচারপতি, একাধিক মন্ত্রী, শীর্ষ উলামায়ে কেরাম ও

২-এর পৃষ্ঠা দেখুন



## দুর্গাপূজা শান্তিপূর্ণ উদযাপনে বিএনপির প্রস্তুতি সভা

নিজস্ব প্রতিবেদক

আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৫ নির্বিঘ্নে, শান্তি ও স্বস্তিতে উদযাপন নিশ্চিত করতে দলের সকল পর্যায়ের নেতাকর্মীদের সর্বোচ্চ সহযোগিতার নির্দেশনা দিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। এ নির্দেশনা বাস্তবায়নকে সামনে রেখে খুলনা

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় ভোক্তা-অধিকারের অভিযান ২ দোকানিকে জরিমানা

চুয়াডাঙ্গা প্রতিবেদক

চুয়াডাঙ্গা শহরের বড় বাজার ও আলুকদিয়া বাজারে ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে দুই দোকানিকে মোট ১৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।গতকাল বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) সকাল

৩-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শুক্রবার ॥ ৪ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ১৯ সেপ্টেম্বর ২০২৫ইং

# কলকাতায় পৌঁছাল পদ্মার ইলিশ, দাম আকাশ ছোঁয়া

সূর্যোদয় প্রতিবেদন

দুর্গাপূজার আগে কলকাতার বাজারে পৌঁছেছে বহু প্রতীক্ষিত পদ্মার ইলিশ। তবে খুশির খবরের পাশাপাশি দামের আকাশছোঁয়া চিত্রে চিন্তিত খুচরা ব্যবসায়ীরা। বাংলাদেশ থেকে আমদানি করা প্রথম চালানেই ৩৮ মেট্রিক টন ইলিশ বৃহস্পতিবার ভোরে কলকাতার পাইকারি বাজারে পৌঁছায়। বেনাপোল সীমান্ত পেরিয়ে মঙ্গলবার রাতে ৮টি ট্রাকে আনা হয় এসব ইলিশ। হাওড়ার পাইকারি বাজারে পৌঁছাতেই ব্যবসায়ীদের মধ্যে শুরু হয় নিলাম। কিন্তু প্রথম দিনেই দাম চরমে পৌঁছেছে। পাইকারি বাজারে ৭০০ গ্রাম থেকে ১ কেজি ওজনের ইলিশ বিক্রি হয়েছে ১৫০০-১৭০০ রুপিতে। ১ কেজির বেশি হলে দাম দাঁড়িয়েছে ১৮০০-২০০০ রুপির মধ্যে। ফলে খুচরা বাজারে দাম আরও চড়া হওয়ার শঙ্কা দেখা দিয়েছে। "১ কেজি সাইজের ইলিশের জন্য ১৬০০ রুপি বলেছিলাম। কিন্তু পাইকাররা ১৭০০ রুপির নিচে ছাড়েনি। খরচ যোগ করলে খুচরায় কমপক্ষে ১৭৫০ রুপি দাঁড়াবে। এত দামি মাছ আমাদের বাজারে বিক্রি করা কঠিন।" তিনি আরও অভিযোগ করেন, গুজরাটের ইলিশ বাজারে সস্তায় বিক্রি হওয়ায় পদ্মার ইলিশের চাহিদা অনেকটাই কমেছে। "যে ক্রেতা ৫০০-৬০০ রুপির ইলিশ খেয়েছে, সে ২০০০ রুপির ইলিশ কিনবে না," বলেন শম্ভু দাস। একই হতাশার সুর শোনা গেল কাঁচরাপাড়ার খুচরা ব্যবসায়ী মনোজ কুমার সাউয়ের কণ্ঠে। তিনি জানান, অন্যান্য বছর যেখানে ৫০-১০০ কেজি ইলিশ কিনতেন, এবার প্রথম দিনে মাত্র ২৯ কেজি কিনেছেন। "গুজরাটের ইলিশের দামের সঙ্গে পাল্লা দেওয়া সম্ভব নয়। ক্রেতারা হয়তো কিনবে, তবে যে আগে দুই কেজি নিত সে এবার এক কেজি নেবে।" উত্তর কলকাতার এক ক্ষুদ্র ব্যবসায়ী জানান, অনেক ক্রেতা আছেন যারা কেবল পদ্মার ইলিশ চান। তাই চড়া দামে হলেও কম করে মাছ তুলতে হচ্ছে। তবে তার আশা, কয়েকদিনের মধ্যে সরবরাহ বাড়লে দাম কিছুটা কমতে পারে। ইলিশ ইমপোর্টার অ্যাসোসিয়েশনের সম্পাদক সৈয়দ মাকসুদ আনোয়ার বলেন, "বাংলাদেশে ইলিশের ল্যান্ডিং কম। তাই পর্যাপ্ত সরবরাহ সম্ভব হচ্ছে না। অন্যদিকে গুজরাটের ইলিশ এখন বিকল্প হিসেবে বাজারে এসেছে। ফলে যোগান-চাহিদার ওপর নির্ভর করেই দাম ওঠানামা করবে।" বাংলাদেশের বাণিজ্য মন্ত্রণালয় এবারে ১২০০ মেট্রিক টন ইলিশ রপ্তানির অনুমতি দিয়েছে। তবে ৫ অক্টোবর পর্যন্ত রপ্তানির

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## কাজের ফাঁকে ঘুম আসে? জানুন মুক্তির উপায়

সূর্যোদয় প্রতিবেদন

দিনের বেলায় অনেক সময়ই চোখ ভারী হয়ে আসে। এতে করে কাজের প্রতি মনোযোগ নষ্ট হয়। আবার এমনও হয় যে অফিসে কাজ করার ফাঁকে চোখ খুলে রাখা কঠিন হয়ে যায়। অনেকেই মনে করেন এটি রাতের পর্যাপ্ত ঘুম না হওয়ার কারণে হচ্ছে। তবে গবেষণায় দেখা গেছে, শুধুমাত্র ঘুম নয়, আমাদের খাবার ও জীবনধারা এই সমস্যার প্রধান কারণ। দিনের বেলায় ঘুমের প্রধান কারণ ১. অনিয়মিত ঘুম, কম শরীরচর্চা এবং দীর্ঘক্ষণ বসে কাজ করার অভ্যাস দিনের বেলায় ঝিমুনি বাড়ায়।২. খাবারের ধরন তরিক্ত পরিমাণে ভাজা, মিষ্টি এবং পরিশোধিত কার্বোহাইড্রেট খাওয়ার ফলে রক্তে শর্করার ওঠানামা হয়, যা শরীরকে ক্লান্ত করে তোলে। ৩. ডিহাইড্রেশন পর্যাপ্ত পানি না খেলে শরীর ক্লান্ত হয় এবং চোখে ঘুম ঘুম লাগে।

বিশেষজ্ঞদের মতে, কিছু খাবার দিনের বেলায়

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে গ্রীষ্মকালীন ফুটবল প্রতিযোগিতা শুরু, একাধিক স্কুল-মাদ্রাসার জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার ক্রীড়া সমিতির উদ্যোগে গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে ৫২তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে।গতকাল বৃহস্পতিবার (১৮ সেপ্টম্বর) দিনভর খেলার মাঠে শিক্ষার্থী, শিক্ষক ও এলাকাবাসীর উপস্থিতিতে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়। দিনের খেলায় রাজনগর দাখিল মাদ্রাসা, বরশিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়, আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয় এবং জাদুখালি স্কুল এন্ড কলেজ নিজেদের খেলায় জয়লাভ করে।

খেলায় রাজনগর দাখিল মাদ্রাসা ১-০ গোলে শালিকা মাধ্যমিক বিদ্যালয়কে হারায়। বরশিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ১-০ গোলে আশরাফপুর মাদ্রাসাকে পরাজিত করে। মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়

৩-এর পৃষ্ঠা দেখুন

## জনগণ পিআর না চাইলে আমরা দাবি করবো না ফয়জুল করীম

সূর্যোদয় প্রতিবেদন

ইসলামী আন্দোলন বাংলাদেশের সিনিয়র নায়েবে আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ ফয়জুল করীম বলেছেন, জনগণ যদি প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন (পিআর) পদ্ধতির পক্ষে না থাকে, তবে তাঁর দলও এ বিষয়ে আর কোনো দাবি তুলবে না। তবে জনগণের মত যাচাইয়ের জন্য সরকারকে গণভোট আয়োজনের আহ্বান জানান তিনি। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর ফটকে আয়োজিত বিক্ষোভ মিছলপূর্ব এক সমাবেশে তিনি বলেন, "যদি ঐকমত্য কমিশনে সিদ্ধান্ত না হয়, তবে গণভোট দেন। জনগণ যদি পিআরের পক্ষে থাকে, আমরা অবশ্যই দাবি জানাবো। আর জনগণ না চাইলে আমরা দাবি করবো না।" ফয়জুল করীম বলেন, জুলাই

৩-এর পৃষ্ঠা দেখুন



## দাবি পূরণে সবাই রাস্তায়, ঐকমত্য কমিশনের কী দরকার ছিল আমীর খসরু

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী প্রশ্ন তুলেছেন, দাবি আদায়ের জন্য সবাই যদি রাস্তায় নেমে আন্দোলনে যায়, তাহলে জাতীয় ঐকমত্য কমিশনের প্রয়োজন কী ছিল। তিনি বলেন, "যারা আন্দোলনের কর্মসূচি দিয়েছে, আর যারা দেয়নিড় তাদেরও তো অনেক দাবি আছে। সেগুলো যদি ঐকমত্য কমিশনের মাধ্যমে পূরণ না হয়, তাহলে সবাই কি আলাদা আলাদা কর্মসূচি দেবে? যদি তাই হয়, তাহলে এতদিন ধরে ঐকমত্য কমিশন গঠন ও দীর্ঘ আলোচনার দরকারই বা কী ছিল?" রাজধানীর বনানীর একটি হোটেলে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ প্রশ্ন তোলেন। খসরু বলেন, ঐকমত্য কমিশনের উদ্দেশ্য ছিল যতটুকু ঐকমত্য হবে, তা মেনে নিয়ে অগ্রসর হওয়া। আর যে বিষয়ে ভিন্নমত থাকবে, তা নিয়ে প্রতিটি দল

৩-এর পৃষ্ঠা দেখুন

## মার্কিন সামরিক উপস্থিতি দেশের নিরাপত্তা ও সার্বভৌমত্বের জন্য হুমকি: সিপিবি ও বাসদ

সূর্যোদয় প্রতিবেদন

চট্টগ্রাম, ১৮ সেপ্টেম্বর: যৌথ সামরিক মহড়ার নামে বাংলাদেশের চট্টগ্রামের শাহ আমানত বিমানবন্দরে মার্কিন যুক্তরাষ্ট্রের বিমানবাহিনী ও সেনা সদস্যদের উপস্থিতির তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) এবং বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ।

দুই দলের পক্ষ থেকে পৃথক পৃথক বিবৃতিতে বলা হয়েছে, এই মহড়া দেশের নিরাপত্তা ও সার্বভৌমত্বের জন্য একটি গুরুতর হুমকি। সিপিবি সভাপতি মোহাম্মদ শাহ আলম ও সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্সের স্বাক্ষরিত বিবৃতিতে উল্লেখ করা হয়েছে, "মধ্যপ্রাচ্য, লাতিন আমেরিকা সহ বিশ্বব্যাপী রাজনৈতিক অভিজ্ঞতা প্রমাণ করেছে, জনগণের ট্যাক্সের টাকা ব্যয় করে এ ধরনের যৌথ

৩-এর পৃষ্ঠা দেখুন



## জামায়াতের ভুলে আওয়ামী লীগ রাজনীতিতে সক্রিয় হতে পারে: মান্না

সূর্যোদয় প্রতিবেদন

নাগরিক ঐক্যের সভাপতি ও ডাকসু সাবেক ভিপি মাহমুদুর রহমান মান্না জানিয়েছেন, প্রোপশনাল রেপ্রেজেন্টেশন (পিআর) পদ্ধতিতে নির্বাচন হলে আওয়ামী লীগ রাজনৈতিকভাবে আবারও সক্রিয় হতে পারে। তাঁর মতে, আওয়ামী লীগের বিদ্যমান ভোটব্যাংক এই পদ্ধতিতে তাদের ফেরার পথ তৈরি করবে। অন্যদিকে, পিআর দাবি তুলে জামায়াত নিজেরাই ভুল করছে। মান্না বলেন, "জামায়াত তিন দিনের বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে। কিন্তু প্রশ্ন হলো, এই দাবিটি কার কাছে করা হচ্ছে? জনগণ কি পিআর বুঝবে? আমাদের দেশের মানুষ এখনও প্রার্থী দেখে ভোট দিতে অভ্যস্ত। পিআর পদ্ধতি সম্পর্কে জনসাধারণের মধ্যে যথেষ্ট ধারণা নেই, তাই এটি সঠিকভাবে বোঝানো প্রয়োজন।" তিনি আরও বলেন, "এছাড়া মেজরিটি-মাইনরিটির বিষয়টি জটিল। পিআর পদ্ধতিতে যদি বড় দল ৪০ শতাংশ ভোট পায়

৩-এর পৃষ্ঠা দেখুন



## এশিয়া কাপে পাকিস্তানের জার্সি নিয়ে তীব্র সমালোচনা

সূর্যোদয় প্রতিবেদন

এশিয়া কাপে পাকিস্তান ক্রিকেট দলের জার্সি নিয়ে তীব্র সমালোচনা করেছে জাতীয় দলের সাবেক ক্রিকেটার আতিক-উজ-জামান। সামাজিক যোগাযোগ মাধ্যমে তিনি পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলেছেন। আতিক জানিয়েছেন,

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারতের কেরালায় মস্তিষ্ক-খেকো অ্যামিবার সংক্রমণে ১৯ জনের মৃত্যু

সূর্যোদয় প্রতিবেদন

কেরালার স্বাস্থ্য কর্তৃপক্ষ বর্তমানে সতর্কতার সর্বোচ্চ পর্যায়ে রয়েছে, কারণ রাজ্যে মস্তিষ্কে সংক্রমণ ঘটানো বিরল রোগ প্রাইমারি অ্যামিবিক মেনিনগোয়েনসেফালাইটিস (পিএএম) বা নেগ্লেরিয়া ফাউলেরি সংক্রমণের ঘটনা বৃদ্ধি পেয়েছে। এ বছর কেরালায় মোট ৬১টি সংক্রমণ ঘটেছে, যার মধ্যে ১৯ জন মারা গেছেন। সাম্প্রতিক সপ্তাহগুলোতে মৃত্যুর সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়েছে। কেরালার স্বাস্থ্যমন্ত্রী বীণা জর্জ এই পরিস্থিতিকে "গুরুতর জনস্বাস্থ্য চ্যালেঞ্জ"

৩-এর পৃষ্ঠা দেখুন



## সুযোগ পেলে সবসময় সেরাটা দিতে প্রস্তুত: নাসুম

সূর্যোদয় প্রতিবেদন

এশিয়া কাপের প্রথম দুই ম্যাচে বেঞ্চে বসে থাকার পর আফগানিস্তানের বিপক্ষে সুযোগ পেয়ে দারুণ বোলিং করেই দলকে জয় এনে দিয়েছেন বাংলাদেশের বাঁহাতি পেসার নাসুম আহমেদ।

৩-এর পৃষ্ঠা দেখুন

## চীনের সতর্কবার্তা: 'জঙ্গলের আইন' নয়, প্রয়োজন বৈশ্বিক ঐক্য

সূর্যোদয় প্রতিবেদন

আন্তর্জাতিক অঙ্গনে বিভাজন ও অস্থিরতার ঝুঁকির কথা তুলে ধরে বৈশ্বিক ঐক্যের আহ্বান জানিয়েছে চীন। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) বেইজিংয়ে শুরু হওয়া তিন দিনের শিয়াংশান নিরাপত্তা ফোরামের উদ্বোধনী অধিবেশনে দেশটির প্রতিরক্ষামন্ত্রী ডং জুন সতর্ক করেনড়বিশ্ব যেন 'জঙ্গলের আইন'-এর শাসনে বিশৃঙ্খলার দিকে না যায়। তিনি বলেন, বিশ্ব বর্তমানে স্নায়ুযুদ্ধের মানসিকতা, আধিপত্যবাদ ও সুরক্ষাবাদের ছায়ায় আবদ্ধ। শক্তির অহংকার, সামরিক জোটের বলয়নীতি ও

৩-এর পৃষ্ঠা দেখুন



## পাকিস্তান -সৌদি প্রতিরক্ষা চুক্তি নিয়ে উদ্বেগে নয়াদিল্লি

সূর্যোদয় প্রতিবেদন

পারমাণবিক শক্তিধর পাকিস্তান ও সৌদি আরবের মধ্যে প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। দীর্ঘ কয়েক দশকের পুরোনো নিরাপত্তা অংশীদারিত্বকে আরও জোরদার করতে নেওয়া এই উদ্যোগ নয়াদিল্লিতে গভীর উদ্বেগের জন্ম দিয়েছে। কাতারভিত্তিক সংবাদমাধ্যম

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## স্পটিফাই ফ্রি ব্যবহারকারীদের জন্য নতুন সুবিধা

সূর্যোদয় প্রতিবেদন

গান শোনার জনপ্রিয় অ্যাপ স্পটিফাই ফ্রি ব্যবহারকারীদের জন্য বড় পরিবর্তন এনেছে। এত দিন শুধু প্লেলিস্ট শাফল করে গান শোনার সুযোগ থাকলেও এবার থেকে বিনা মূল্যের ব্যবহারকারীরাও নির্দিষ্ট গান খুঁজে শুনতে পারবেন। পাশাপাশি সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করা গান লিংকও সরাসরি চালানো যাবে। নতুন সুবিধাটি সোমবার থেকে বিশ্বব্যাপী চালু হয়েছে। স্পটিফাইয়ের তথ্য অনুযায়ী, তাদের মোট মাসিক সক্রিয় ব্যবহারকারী ৬৯৬ মিলিয়ন। এর মধ্যে ২৭৬ মিলিয়ন প্রিমিয়াম গ্রাহক হলেও প্রায় ৬০ শতাংশ ব্যবহারকারী ফ্রি পরিষেবায় যুক্ত। প্রতিষ্ঠানটি জানিয়েছে, ফ্রি ব্যবহারকারীরা প্রতিদিন নির্দিষ্ট সময়ের জন্য 'অন ডিমান্ড টাইম' পাবেন।




তবে সময়সীমা শেষ হলে আগের নিয়ম অনুযায়ী সীমিতসংখ্যক গান স্কিপ করার শর্ত বহাল থাকবে। ফ্রি ব্যবহারকারীদের জন্য বিজ্ঞাপন অভিজ্ঞতায় পরিবর্তন আসবে কি নাড়সে বিষয়ে কিছু জানায়নি স্পটিফাই। এ পরিবর্তনগুলো এসেছে এমন সময়ে, যখন বছরের সবচেয়ে বড় বিজ্ঞাপন মৌসুম শুরু হতে যাচ্ছে। প্রযুক্তি প্রতিষ্ঠানটি চলতি

৩-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব**

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

**নিয়মিত রোগী দেখেন**

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

## ট্রাম্পের সফর শেষে ফিলিস্তিনকে স্বীকৃতি দেবে যুক্তরাজ্য

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের যুক্তরাজ্য সফর শেষে ফিলিস্তিনকে আনুষ্ঠানিকভাবে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার ঘোষণা দেবে লন্ডন। বুধবার (১৭ সেপ্টেম্বর) সরকারি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে ব্রিটিশ গণমাধ্যম দ্য আই পেপার। এর আগে গত জুলাইয়ে ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার জানিয়েছিলেন, ইসরাইল যদি গাজায় মানবিক পরিস্থিতি মোকাবেলায় 'গুরুত্বপূর্ণ পদক্ষেপ' না নেয় এবং যুদ্ধবিরতিতে সম্মত না হয়, তবে সেপ্টেম্বর মাসে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে ফিলিস্তিনকে স্বীকৃতি দেবে যুক্তরাজ্য। বর্তমানে স্ত্রীসহ লন্ডনে সফর করছেন প্রেসিডেন্ট ট্রাম্প। তার সফর শেষ না হওয়া

**কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব**

আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮

উরোলজি বিশেষজ্ঞ
**ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

মেডিসিন বিশেষজ্ঞ
**ডা. মো. আতিকুর রহমান**
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
**ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।

ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)

আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## চুয়াডাঙ্গায় ভোক্তা-অধিকারের

১০টায় এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান। এসময় নিত্যপ্রয়োজনীয় পণ্য, ওষুধ ও বেকারি সামগ্রীর মান, পরিবেশ এবং মূল্য তালিকা তদারকি করা হয়। অভিযানে বড় বাজার (নিচের বাজার) এলাকায় মাছ-মাংস ব্যবসায়ীদের পরিচ্ছন্ন পরিবেশে মাংস প্রক্রিয়াকরণ, সঠিক ওজনে বিক্রি এবং ক্রয়-বিক্রয় রশিদ সংরক্ষণ করার নির্দেশনা দেওয়া হয়।এছাড়া আলুকদিয়া বাজারে তদারকির সময় অপরিচ্ছন্ন পরিবেশে বেকারি পণ্য তৈরি ও সংরক্ষণ এবং মূল্য তালিকা প্রদর্শন না করায় সাহিনুর ইসলামের মালিকানাধীন একটি বেকারিকে ১০ হাজার টাকা ও রুহুল আমিনের প্রতিষ্ঠান ‘মেসার্স আমেনা পল্লী এন্ড ইত্যাদি স্টোর’-কে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। দুই প্রতিষ্ঠান থেকে মোট ১৫ হাজার টাকা জরিমানা আদায়ের পাশাপাশি ত্রুটিসমূহ সংশোধনের নির্দেশনা দেওয়া হয়। অভিযানে সহযোগিতা করেন পৌর স্যানিটারি ইন্সপেক্টর নার্গিস জাহান, ক্যাব প্রতিনিধি মো. রফিকুল ইসলাম এবং চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম।

## কাজের ফাঁকে ঘুম আসে? জানুন

(শেষ পৃষ্ঠার পর)
অলসতা বাড়ায়। ভাজাপোড়া জাতীয় খাবার হজম হতে সময় নেয়, পেট ভারী করে তোলে এবং ঘুম আনে। আচার বা অতিরিক্ত নোনতা খাবার শরীরকে ডিহাইড্রেট করে ক্লান্তি বাড়ায়। ট্রিপটোফ্যানযুক্ত খাবার যেমন ওটস, বাদাম, টোফু, কলা, অ্যাভোকাডো রাতে ভালো হলেও দিনে খেলে ঘুম বাড়াতে পারে। অফিস, ক্লাস বা কাজের সময় ঘুমিয়ে পড়া শুধু উৎপাদনশীলতাই কমায় না, গবেষণায় দেখা গেছে এটি দীর্ঘমেয়াদে হৃদরোগ, স্থূলতা এমনকী অকাল মৃত্যুর ঝুঁকির সঙ্গেও সম্পর্কিত। তাই এসব থেকে মুক্তি পেতে সুষম খাদ্য গ্রহণ করুন। যেমন ভাজা, মিষ্টি ও পরিশোধিত কার্বোহাইড্রেট খাওয়া কমান। পর্যাপ্ত পানি পান করুন। দিনে অন্তত ৮-১০ গ্লাস পানি পান করুন। শরীরচর্চা করুন, প্রতিদিন অল্প হাঁটা বা ব্যায়াম রক্তসঞ্চালন বাড়ায়। স্মার্ট স্ন্যাকস বেছে নিন। বাদাম, ফল বা দই দিনের ক্লান্তি কমাতে সহায়ক। রাতের ঘুম নিয়মিত করুন। প্রতিদিন ৭-৮ ঘণ্টা ঘুমান। দিনের বেলায় ঘুম ঘুম ভাব একটি সাধারণ সমস্যা হলেও এর পেছনে খাবার এবং জীবনধারার বড় ভূমিকা আছে। কিছু খাবার এড়িয়ে চলা, পর্যাপ্ত পানি পান, ব্যায়াম ও নিয়মিত ঘুম আপনাকে দিনের সময় সতেজ রাখবে এবং দিনের বেলার ঝিমুনি থেকে মুক্তি দেবে।

## কলকাতায় পৌঁছাল পদ্মার ইলিশ, দাম

(শেষ পৃষ্ঠার পর)
সময়সীমার মধ্যে ৫০০ মেট্রিক টনের বেশি ইলিশ ভারতে পৌঁছাবে কিনা তা নিয়েও সংশয় প্রকাশ করেছেন আমদানিকারকরা।

## আমীর খসরু

(শেষ পৃষ্ঠার পর)
নির্বাচনে অংশ নিয়ে জনগণের কাছে ম্যান্ডেট চাইবে। তিনি আরও বলেন, “আমাদের মধ্যে দ্বিমত থাকতেই পারে। কিন্তু সেই দ্বিমতের একমাত্র সঠিক সমাধান হচ্ছেড়নির্বাচনে অংশগ্রহণ করা এবং জনগণের কাছ থেকে ম্যান্ডেট নিয়ে আসা।” জামায়াত ও অন্যান্য ইসলামী দলগুলোর সাম্প্রতিক কর্মসূচির প্রসঙ্গে আমীর খসরু প্রশ্ন তোলেন, “তারা কি দেশের ভেতরে একটি বিবদমান অবস্থা তৈরি করতে চাইছে? তাদের উদ্দেশ্য আসলে গণতন্ত্র ছিল, নাকি সেটা কেবলই এক ধরনের ছদ্মবেশ ছিলড়এমন প্রশ্ন এখন জনগণের মধ্যে উঠছে।” তিনি বলেন, যখন এখনো আলোচনা চলছে এবং বেশির ভাগ জায়গায় ঐকমত্যে পৌঁছানো সম্ভব হয়েছে, তখন মাঝপথে এ ধরনের কর্মসূচি ঘোষণার মানে কী? “এর পেছনে নিশ্চয়ই ভিন্ন কোনো উদ্দেশ্য আছে, যার জবাব জনগণ জানতে চাইবে।” খসরু মনে করেন, ঐকমত্য কমিশন জাতীয় রাজনীতিতে একটি বড় সুযোগ তৈরি করেছে, যেখানে ভিন্ন ভিন্ন দলের দাবি-দাওয়ার সুষ্ঠু সমন্বয় সম্ভব। তবে আন্দোলনের নামে অস্থিরতা তৈরি হলে সেই উদ্যোগ প্রশ্নবিদ্ধ হবে।

## সিপিবি ও বাসদ

(শেষ পৃষ্ঠার পর)
সামরিক মহড়ার পেছনে রয়েছে বিশাল ভূ-রাজনৈতিক স্বার্থ, যা সংশ্লিষ্ট দেশের নিরাপত্তা ও সার্বভৌমত্বকে বিপন্ন করে।” বিবৃতিতে আরও বলা হয়েছে, ‘অপারেশন প্যাসিফিক এঞ্জেল ২৫-৩’ নামে এই মহড়ার আওতায় বাংলাদেশে মার্কিন সামরিক উপস্থিতি অনুমোদন দিয়ে বর্তমান অন্তর্বর্তী সরকার তার সীমিত এখতিয়ারের বাইরে চলে গেছে। বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক বজলুর রশীদ ফিরোজ তার বিবৃতিতে বলেন, চট্টগ্রাম-কক্সবাজারে যৌথ মহড়া, মার্কিন সেনাদের ইমিগ্রেশন ছাড়াই প্রবেশ, কক্সবাজার বিমান ঘাঁটিতে গোপন সভা ও স্থাপনা পরিদর্শন দেশের সার্বভৌমত্বের জন্য মারাত্মক হুমকি। তিনি আরও উল্লেখ করেন, গত ১০ সেপ্টেম্বর মার্কিন সেনা ও বিমান বাহিনীর ১২০ জন সদস্য ইউএস বিমানবাহিনীর ১৩০ জি সুপার হারকিউলিস বিমানে বাংলাদেশে আসে এবং ১৪ সেপ্টেম্বর তারা কক্সবাজার পৌঁছায়। “তাদের কারো ইমিগ্রেশন বা পাসপোর্ট পরীক্ষা করা হয়নি, যা দেশের প্রচলিত আইনের পরিপন্থী,” তিনি বলেন। ফিরোজ আরও বলেন, মার্কিনিদের এই তৎপরতা ভূ-রাজনৈতিকভাবে উদ্বেগজনক। বিশেষ করে বাংলাদেশ থেকে মায়ানমারে করিডর প্রদান, তুরস্ককে সমরাস্ত্র কারখানার অনুমোদন, এবং আরাকান, বান্দরবান, ভারতের মিজোরাম-নাগাল্যান্ড নিয়ে নতুন রাষ্ট্র গঠনের পরিকল্পনার খবরের মধ্যে এ ধরনের কার্যক্রম বাংলাদেশের নিরাপত্তা ও ভূ-রাজনীতির জন্য নতুন মাত্রা যোগ করেছে। উল্লেখ্য, এই বিষয়ে বাংলাদেশের সেনা সদর দপ্তর আইএসপিআর কোনো বক্তব্য দেয়নি।

## এশিয়া কাপে পাকিস্তানের জার্সি নিয়ে

(শেষ পৃষ্ঠার পর)
বুধবার সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে ম্যাচে পাকিস্তানি খেলোয়াড়দের জার্সি ঘামে ভিজে গেছে। তিনি বলেন, “পাকিস্তান খেলোয়াড়রা নিম্নমানের কিটে ঘামে ভিজছে, অন্য দলগুলো পরে আছে মানসম্মত ড্রাই-ফিট জার্সি। এটা হয় যখন টেন্ডার দেওয়া হয় বন্ধুদের হাতে, পেশাদারদের নয়। ঘামের থেকেও বেশি ঝরছে দুর্নীতি।” এদিকে, ৪১ রানে সংযুক্ত আরব আমিরাতকে হারিয়ে সুপার ফোরে উঠলেও পাকিস্তান অধিনায়ক সালমান আলি আঘা ব্যাটিং ব্যর্থতা নিয়ে চিন্তিত। ম্যাচ শেষে তিনি বলেন, “আমরা কাজটা শেষ করেছি, কিন্তু মাঝের ওভারে আরো ভালো ব্যাটিং করতে হবে। বোলাররা দারুণ করেছে। তবে ব্যাট হাতে সেরা পারফরম্যান্স এখনো আসেনি। যদি ভালো ব্যাটিং করতাম, ১৭০-১৮০ রান তুলতে পারতাম।” পাকিস্তান ওই ম্যাচে ৯ উইকেটে ১৪৬ রান সংগ্রহ করেছে। শেষ দিকে শাহীন শাহ আফ্রিদির ১৪ বলে অপরাজিত ২৯ রানের ইনিংস দলকে মোটামুটি পুঁজি এনে দিয়েছে। তবে টপ অর্ডার ও মিডল অর্ডারের ব্যর্থতা আবারও সামনে এসেছে। অধিনায়ক আঘা জোর দিয়ে বলেন, “দলের সবচেয়ে বড় কাজ এখন ৭ থেকে ১৫ ওভারের মধ্যে ব্যাটিং উন্নত করা। আমরা যেকোনো চ্যালেঞ্জের জন্য প্রস্তুত। শুধু চাই ভালো ক্রিকেট খেলতে, তাহলেই বড় দলের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা সম্ভব।” পাকিস্তান আগামী ২১ সেপ্টেম্বর সুপার ফোরে ভারতের বিপক্ষে মুখোমুখি হবে।

## ট্রাম্পের সফর শেষে ফিলিস্তিনকে

(শেষ পৃষ্ঠার পর)
পর্যন্ত ঘোষণা বিলম্বিত করার কারণ হিসেবে বলা হচ্ছেড়এতে ওয়াশিংটনের সঙ্গে কূটনৈতিক টানাপোড়েন বাড়তে পারে। কারণ, ট্রাম্প এবং মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও গাজায় ইসরাইলের স্থল অভিযানের প্রতি দৃঢ় সমর্থন জানিয়েছেন। ব্রিটিশ প্রধানমন্ত্রীর মুখপাত্র এক বিবৃতিতে বলেন, “রাষ্ট্রত্ব ফিলিস্তিনিদের অবিচ্ছেদ্য অধিকার। দুই-রাষ্ট্র সমাধানের বাস্তবায়ন রক্ষায় যুক্তরাজ্যের অবস্থান সুস্পষ্টভাবে তুলে ধরা অত্যন্ত জরুরি।” গত এক বছরে আয়ারল্যান্ড, নরওয়ে এবং স্পেনসহ অন্তত ১৪৭টি দেশ ফিলিস্তিনকে আনুষ্ঠানিক স্বীকৃতি দিয়েছে। একই পথে হাঁটার প্রস্তুতি নিচ্ছে ফ্রান্সও। দেশটি আসন্ন জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে এ বিষয়ে ঘোষণা দিতে পারে।

## স্পটিফাই ফ্রি ব্যবহারকারীদের জন্য

(শেষ পৃষ্ঠার পর)
বছরের জুলাইয়ে প্রকাশিত প্রতিবেদনে জানায়, সাবস্ক্রাইবার সংখ্যা গত বছরের তুলনায় ১২ শতাংশ এবং ফ্রি ব্যবহারকারী ১০ দশমিক ৫ শতাংশ বেড়েছে। সর্বশেষ প্রান্তিকে তাদের আয় দাঁড়িয়েছে প্রায় ৪২০ কোটি ইউরো (৪৯৫ কোটি মার্কিন ডলার), যা গত বছরের তুলনায় ১০ শতাংশ বেশি। শুধু আয়ই নয়, শেয়ারবাজারেও প্রতিষ্ঠানটির সাফল্য স্পষ্ট। গত এক বছরে স্পটিফাইয়ের শেয়ারের দাম বেড়েছে প্রায় ১০৮ শতাংশ।

## ভারতের কেরালায় মস্তিষ্ক-খেকো

(শেষ পৃষ্ঠার পর)
হিসেবে আখ্যায়িত করেছেন। তিনি বলেন, “এই সংক্রমণ আগে শুধুমাত্র কোঝিকোড় ও মালাপ্পুরমের মতো কিছু জেলায় সীমিত থাকলেও এখন রাজ্যের বিভিন্ন অংশে ছড়িয়ে পড়ছে। আক্রান্তদের মধ্যে রয়েছে তিন মাস বয়সী শিশু থেকে ৯১ বছর বয়সী বৃদ্ধ। আমাদের তদন্তে দেখা যাচ্ছে, এবার কোনো নির্দিষ্ট জল উৎস থেকে সংক্রমণ হচ্ছে না; এগুলো বিচ্ছিন্ন ঘটনা।” পিএএম সংক্রমণ কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রকে প্রভাবিত করে এবং মস্তিষ্কের টিস্যু ধ্বংস করে। এর ফলে মস্তিষ্কে গুরুতর ফোলা সৃষ্টি হয়, যা রোগীর মৃত্যুর কারণ হতে পারে।

## জামায়াতের ভুলে আওয়ামী লীগ

(শেষ পৃষ্ঠার পর)
আর অন্যান্য পার্টি ৩০ শতাংশ পায়, তবে সরকারের গঠন কিভাবে হবে তা বোঝানো কঠিন। অনেক জায়গায় পিআর পদ্ধতি ব্যর্থও হতে পারে। যা জনগণের কাছে বোঝানো সময়সাপেক্ষ এবং ধৈর্য প্রয়োজন।” মান্না পিআরের সম্ভাব্য প্রভাব নিয়ে মন্তব্য করে বলেন, “আমরা পিআরের পক্ষে ছিলাম। কিন্তু যখন দেখি যে আওয়ামী লীগও ভোটে ভালো করতে পারে, তখন পিআরের মাধ্যমে তাদের ফিরতে বাধা দেওয়া সম্ভব নয়। দল ক্ষমতাচ্যুত হয়েছে বটে, তবে ভোটের হিসাব অনুযায়ী তারা আবারও রাজনৈতিকভাবে সক্রিয় হতে পারে। যারা স্বৈরতন্ত্রকে উৎখাত করতে চেয়েছিলেন, তারা লক্ষ্য অর্জন করতে পারছেন না।” তিনি পিআর নিয়ে চলমান আলোচনা প্রসঙ্গে বলেন, “দুই কক্ষের সংসদ, উচ্চকক্ষ ও নিম্নকক্ষড়কোন কক্ষে পিআর প্রযোজ্য হবে তা নিয়ে জটিলতা রয়েছে। বিএনপি কোনো কক্ষে প্রয়োজন দেখছে না, আবার জামায়াত বা ইসলামী আন্দোলন উভয় কক্ষে দাবি করছে। এসব জটিল বিষয় নিয়ে আলোচনার জন্য সময়, মানুষকে বোঝানোর ধৈর্য এবং সঠিক পরিকল্পনা প্রয়োজন। একবারেই সব সমাধান সম্ভব নয়।” মান্না বলেন, “পিআর নিয়ে যেসব দল দাবি তুলছে, তাদের মূল দাবিতে পিআর ছিল না। পিআরের পক্ষে তারা এত সিরিয়াস হওয়ায় এই পদক্ষেপ তাদের নিজের জন্য সমস্যার সৃষ্টি করছে।”

## সুযোগ পেলে সবসময় সেরাটা দিতে

(শেষ পৃষ্ঠার পর)
তবে দলের শেষ দুই ম্যাচের পারফরম্যান্সের ওপর নির্ভর করবে নাসুমের একাদশে থাকা। পাকিস্তান ও নেদারল্যান্ডসের সিরিজে ৫ উইকেট নেওয়া সত্ত্বেও এশিয়া কাপের প্রথম দুই ম্যাচে সুযোগ না পাওয়া নাসুম আফগানিস্তানের বিরুদ্ধে ৪ ওভারে মাত্র ১১ রান খরচ করে দুই গুরুত্বপূর্ণ উইকেট তুলে নেন। পাওয়ার প্লেতে আফগান ব্যাটারদের ওপর তার কড়া বোলিং ম্যাচ জয়ের পথ সুগম করে দেয়। তবে ভবিষ্যতে খেলবেন কিনা সেটা নিশ্চিত নয় বলেই জানান এই বাঁহাতি পেসার।

## চীনের সতর্কবার্তা: ‘জঙ্গলের আইন’

(শেষ পৃষ্ঠার পর)
অন্য দেশকে জোর করে পক্ষ নিতে বাধ্য করার প্রবণতা আন্তর্জাতিক সম্প্রদায়কে বিভক্ত করছে। এভাবে চলতে থাকলে বৈশ্বিক শৃঙ্খলা ভেঙে পড়ে বিশৃঙ্খলা তৈরি হবে বলেও সতর্ক করেন তিনি। ডং জানান, শক্তিশালী হলেও চীনা সেনাবাহিনী শান্তির পক্ষেই কাজ করবে। একইসঙ্গে তিনি যুক্তরাষ্ট্রকে পরোক্ষভাবে উদ্দেশ্য করে বলেন, সামরিক হস্তক্ষেপ ও প্রভাব বিস্তার আন্তর্জাতিক নিরাপত্তাকে আরও নাজুক করে তুলছে। তাইওয়ান প্রসঙ্গে চীনের অবস্থান পুনর্ব্যক্ত করে প্রতিরক্ষামন্ত্রী স্পষ্ট ভাষায় বলেন, পিপলস লিবারেশন আর্মি (পিএলএ) কখনোই বিচ্ছিন্নতাবাদী প্রচেষ্টা সফল হতে দেবে না। তার দাবি, তাইওয়ানের চীনে প্রত্যাবর্তন দ্বিতীয় বিশ্বযুদ্ধ-পরবর্তী আন্তর্জাতিক ব্যবস্থার অবিচ্ছেদ্য অংশ। তাইওয়ানের সার্বভৌমত্ব নিয়ে কোনো বহিরাগত হস্তক্ষেপ বরদাশত করা হবে না বলেও সতর্ক করেন তিনি। অন্যদিকে, তাইওয়ানের প্রেসিডেন্ট লাই চিং-তে ও তার সরকার স্পষ্ট জানিয়েছেন, দ্বীপটির ভবিষ্যৎ নির্ধারণের অধিকার একমাত্র তাইওয়ানের জনগণের হাতে। চীনা সংবাদমাধ্যম শিনহুয়ার তথ্য অনুযায়ী, এবারের শিয়াংশান নিরাপত্তা ফোরামে বিশ্বের প্রায় ১০০ দেশের ১,৮০০ প্রতিনিধি অংশ নিচ্ছেন। তাদের মধ্যে রয়েছেন সরকারি কর্মকর্তা, সামরিক সদস্য ও গবেষকরা। তবে পশ্চিমা দেশগুলোর বেশিরভাগই নিম্নপর্যায়ের প্রতিনিধি পাঠিয়েছে। পর্যবেক্ষকদের মতে, এ মাধ্যমেই তারা চীনের ক্রমবর্ধমান সামরিক শক্তি ও নেতৃত্ব কাঠামো কাছ থেকে বোঝার চেষ্টা করছে। চীনের প্রতিরক্ষামন্ত্রীর এ বক্তব্য আসে এমন সময়ে, যখন প্রেসিডেন্ট শি জিনপিংও সম্প্রতি আধিপত্যবাদ ও শক্তির রাজনীতির বিরুদ্ধে তীব্র অবস্থান নিয়েছেন। এর আগে চলতি মাসে বেইজিংয়ে এক বৃহৎ সামরিক কুচকাওয়াজে নতুন অস্ত্রসম্ভার প্রদর্শন করেছে দেশটি। সার্বিকভাবে, চীন বিশ্বকে বার্তা দিচ্ছেড়সংলাপ, সহযোগিতা ও ঐক্যের পথেই টিকে থাকতে পারে আন্তর্জাতিক শৃঙ্খলা। আর ‘জঙ্গলের আইন’-এর শাসন হলে পুরো বিশ্বই অনিশ্চিত অস্থিরতার দিকে এগোবে।

## পাকিস্তান -সৌদি প্রতিরক্ষা চুক্তি নিয়ে

আল জাজিরার প্রতিবেদন অনুযায়ী, বুধবার (১৭ সেপ্টেম্বর) প্রকাশিত পাকিস্তান-সৌদি যৌথ বিবৃতিতে বলা হয়, চুক্তির মূল লক্ষ্য দুই দেশের প্রতিরক্ষা সহযোগিতা বৃদ্ধি করা এবং যেকোনো আগ্রাসনের বিরুদ্ধে যৌথ প্রতিরোধ গড়ে তোলা। এমনকি এক দেশের ওপর আক্রমণকে অপর দেশের ওপর আক্রমণ হিসেবে গণ্য করার বিষয়টিও চুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। সৌদি প্রেস এজেন্সি (এসপিএ) জানিয়েছে, এই প্রতিরক্ষা চুক্তি দুই দেশের ‘ঐতিহাসিক অংশীদারিত্ব’ ও ‘অভিন্ন কৌশলগত স্বার্থের’ প্রতিফলন। প্রায় আট দশক ধরে চলে আসা ইসলামী ভ্রাতৃত্বের ভিত্তিতে নতুন এই সহযোগিতা গড়ে তোলা হয়েছে। অন্যদিকে, সৌদি-পাকিস্তান চুক্তির খবরে প্রতিক্রিয়া জানিয়েছে ভারত। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি এক প্রতিবেদনে জানায়, নয়াদিল্লি চুক্তির জাতীয় নিরাপত্তা, আঞ্চলিক স্থিতিশীলতা এবং বৈশ্বিক প্রভাব খতিয়ে দেখছে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়, “সৌদি আরব ও পাকিস্তানের কৌশলগত প্রতিরক্ষা চুক্তির খবর আমরা দেখেছি। এটি মূলত দুই দেশের দীর্ঘদিনের একটি অনানুষ্ঠানিক সমঝোতার আনুষ্ঠানিক রূপ। আমরা এর সম্ভাব্য প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি। জাতীয় স্বার্থ রক্ষা ও সমন্বিত জাতীয় নিরাপত্তা নিশ্চিত করাই ভারতের প্রতিশ্রুতি।” বিশ্লেষকদের মতে, মধ্যপ্রাচ্যে নতুন ভূ-রাজনৈতিক সমীকরণ তৈরি করতে পারে এই চুক্তি, যার প্রভাব দক্ষিণ এশিয়াতেও পড়তে পারে।

## মেহেরপুরে গ্রীষ্মকালীন ফুটবল

(শেষ পৃষ্ঠার পর)
টাইব্রেকারে ৩-২ গোলে গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে। কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় ১-০ গোলে চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়কে হারায়। আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয় ১-০ গোলে নতুন দরবেশপুর মাদ্রাসাকে পরাজিত করে। জাদুখালি স্কুল এন্ড কলেজ টাইব্রেকারে ৫-৪ গোলে বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়কে হারিয়ে জয় ছিনিয়ে নেয়। এ সময় উপস্থিত শিক্ষক ও ক্রীড়া সংগঠকরা জানান, এ ধরনের টুর্নামেন্ট শুধু শিক্ষার্থীদের শরীরচর্চার সুযোগই করে না, তাদের শৃঙ্খলা, দলগত মনোভাব এবং নেতৃত্বের গুণাবলি বিকাশেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।খেলাগুলো দেখতে মাঠে শিক্ষার্থীদের পাশাপাশি অভিভাবক ও ক্রীড়াপ্রেমী দর্শকের ঢল নামে। আগামী কয়েকদিন ধরে একই মাঠে পরবর্তী ধাপের খেলা অনুষ্ঠিত হবে বলে আয়োজক সূত্রে জানা গেছে।

## জনগণ পিআর না চাইলে আমরা দাবি

(শেষ পৃষ্ঠার পর)
সনদের আইনি ভিত্তি দেওয়া এখন সময়ের দাবি। এ বিষয়ে জনগণের ঐক্যবদ্ধ মত রয়েছে। কিন্তু সরকার বাইরের ইঙ্গিতে এ বিষয়ে গড়িমসি করছে বলে অভিযোগ করেন তিনি। তিনি বলেন, “অন্তর্বর্তীকালীন সরকার শুধু নির্বাচন আয়োজনের জন্য বসেনি। সংস্কার, বিচার ও নির্বাচনড়তিনটি কাজের জন্যই বসেছে। যদি দৃশ্যমান সংস্কার ও বিচার না হয়, আর শুধু নির্বাচনের দিকে যাওয়া হয়, তবে নিরপেক্ষতা প্রশ্নবিদ্ধ হবে।” ইসলামী আন্দোলনের এ নেতা বলেন, ২০০৮ সালের নির্বাচনী ইশতেহার থেকেই তাঁর দল পিআর পদ্ধতির দাবি জানিয়ে আসছে।

# মৌসুমী কেন বললেন, ‘সহ্যক্ষমতার সীমা অতিক্রম হয়ে যাচ্ছে’

বিনোদন ডেস্ক

এ সময়ের ব্যস্ততম উপস্থাপিকা মৌসুমী মৌ। বিজ্ঞাপনচিত্র ও স্থিরচিত্রের মডেল হিসেবেও দেখা যায় তাকে। প্রতিনিয়ত টিভিতে মুখ দেখানো কিংবা দেশের জনপ্রিয় তারকাদের ইন্টারভিউ করার সুবাদে তার পরিচিতি ছোটপর্দার কোন অভিনয়শিল্পীর চেয়েও কম নয়।


ক্যারিয়ারের এমন সফল সময়েও মৌসুমী মৌকে প্রায়ই নানা ধরনের জটিলতার মধ্য নিয়ে যেতে হয়। তার বেশিরভাগই ব্যক্তিজীবনকে কেন্দ্র করে। বিশেষ করে অসুস্থতা যেন তাকে কিংবা তার পরিবারকে ছাড়ছেই না বিগত কয়েক বছর ধরে।

এ কথা তার ফেসসুবকের পোস্ট থেকেই জানা যায়। তাকে প্রায় প্রতি মাসেই নিজের কিংবা পরিবারের কারও না কারও শারীরিক অবস্থা নিয়ে পোস্ট করতে দেখা যায়। তবে এবার ঘটনা যেন পূর্বের অবস্থাকে ছাড়িয়ে গেছে। কারণ, তার পরিবারের চারজন মানুষই যাচ্ছেন অসুস্থতার মধ্য নিয়ে। এ নিয়ে মৌ বিগত রাতে একটি দীর্ঘ পোস্ট শেয়ার করেছেন তার ফেসবুক আইডিতে। যার শিরোনাম তিনি দিয়েছেন, ‘আমার সহ্যক্ষমতার সীমা অতিক্রম হয়ে যাচ্ছে’।

স্ট্যাটাসের শুরুতেই মৌ লিখেছেন, ‘বাবা-মা যদি কথা না শোনেন এবং ভয়ংকর বিপদ ডেকে আনেন তখন একজন সন্তানের যে কতোটা অসহায় লাগে সেটা কেবল সেই জানেন। আব্বু আম্মুর অতিরিক্ত বেশি বোঝার জন্য আজ আম্মু কোমরের হাড় ভেঙে, পাকস্থলীতে ইনফেকশন, পিঠে পোড়া ঘাঁ এবং নিউমোনিয়া নিয়ে হসপিটালের বিছানায় শুয়ে আছে। এমনিতেই আম্মুর আনকন্ট্রোল্ড ডায়াবেটিস। কবে সুস্থ হবে আল্লাহ জানেন।’

এরপর তিনি লেখেন, ‘অন্যদিকে ১৯ সেপ্টেম্বর আসিফের (ছোট ভাই) অপারেশন কলকাতার হসপিটালে। আব্বুও খুব একটা সুস্থ মানুষ নয়। এদিকে, আজ ১ মাস ৭ দিন হলো আমার অপারেশন হয়েছে। আমি এখনো পুরোপুরি সুস্থ হইনি। তবুও কাজে ফিরতে হয়েছে জীবন জীবিকার জন্য। ডক্টর অন্তত ৬ সপ্তাহের কথা বলেছিলেন রিকোভারির জন্য। অপারেশনের পর হসপিটালে ৯ দিন আমার কী ভয়ংকর সময় কেটেছে সেটা কেবল আমি জানি। এরপর নিয়মিত ড্রেসিং করতে হয়েছে। এরমাঝে শুটিংও করেছি অনেক যন্ত্রণা নিয়ে।




ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর


ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল),
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা - দুপুর ২টা, বিকাল : ৫টা - রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২০২, ০১৯২০-৬৯৪৫০২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।


কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম

হোটেল বাজার,
যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকরণ
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স - মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
যে সকল ডাক্তারা নিয়মিত চিকিৎসা সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
ডা. মো: আব্দুল আল মারুফ
ডাঃ ইসরাত জেরিন ইভা
পুষ্টিবিদ: তরিকুল ইসলাম

নিউ মনা জুয়েলার্স
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।

আধুনিক ডিজাইনের
স্বর্ণ, রুপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে
আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার
কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯০, ০১৯১৯-৫৭০৮৯০

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু

সকল প্রকার দেশ-বিদেশী
ঔষধ সুলভ মূল্যে খুচরা
ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪০৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস

স্টাইলে থাকুন, ট্রেন্ডিংয়ে ফিরুন!
থ্রি-পিস, শাড়ি, বুটিক পোশাক, কসমেটিকস, কুকারিজ আইটেম
কেএম সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
আমাদের সেবা সমূহ ইসিজি (ECG) , সেরোলজি,কাসকপি, ক্লোনসকপি.ক্লিনিক্যাল প্যাথলজি.বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার,ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফি,সর্বাধুনিক ডিজিটাল এক্স-রে,হেমাটোলজি (সেল কাউন্টার ৫ পার্ট),বায়োকেমিস্ট্রি (অটো অ্যানালাইজড),হরমোন অ্যানালাইসিস (অটো অ্যানালাইজড), ইলেক্ট্রোলাইটস (অটো অ্যানালাইজড), ইকো-কার্ডিওগ্রাফি ( 4D & 2D)
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং অফিসার: 01304-100307, 01304-100308
ডা. এম এম কবির শাওন
এ্যাজমা ও আল্ট্রাসাউন্ড,এমবিবিএস, ডিএলপি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) প্রতিদিন সকাল ১০টা-দুপুর ২টা, বিকেল ৪টা-রাত ৮টা.
ডা. মেহেদী হাসান জনি
ইউরোলজি,এমবিবিএস (ঢাকা), এমএস (ইউরোলজি), কুষ্টিয়া মেডিকেল কলেজ।
শুক্রবার সকাল ৯টা-দুপুর ১টা
সহকারী অধ্যাপক ডা. মোঃ আরিফুল ইসলাম
সার্জারি ও ল্যাপারোস্কপি,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ
মাসের প্রথম সোমবার দুপুর ২টা-বিকাল ৫টা
ডা. মোঃ সফিউল আলম
জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি,এমবিবিএস, এফসিপিএস (সার্জারি), সহকারী অধ্যাপক, আর্মি মেডিকেল কলেজ, যশোর। শুক্রবার সকাল ৯টা-বিকেল ৫টা

আল হায়াত
ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট)
মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত,
প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতাজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শুক্রবার, ১৯ সেপ্টেম্বর ২০২৫ ইং

## শিক্ষক মানে আলো, পথ দেখায় জীবন ভরা আলো

আজকের দিনে শিক্ষক শুধু পাঠদানের মধ্যে সীমাবদ্ধ নন; বরং তিনি জ্ঞান, নৈতিকতা ও মানবিকতার আলো ছড়িয়ে সমাজকে আলোকিত করেন। জাতির ভবিষ্যৎ নির্মাণে শিক্ষকের অবদান অনন্য, যা অন্য কোনো পেশায় পাওয়া কঠিন। তাই বিশ্ব শিক্ষক দিবসে গুণী শিক্ষকদের স্বীকৃতি দেওয়া শুধু একটি আনুষ্ঠানিকতা নয়, বরং তা তাদের সম্মান ও মর্যাদাকে নতুনভাবে প্রতিষ্ঠিত করে। মেহেরপুর জেলায় এ বছর শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদান রাখা কয়েকজন গুণী শিক্ষককে সম্মান জানানো হয়েছে। কলেজ, স্কুল, মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা ক্ষেত্রে যেসব শিক্ষক নিষ্ঠা ও মেধার মাধ্যমে শিক্ষার্থীদের আলোকিত করেছেন, তাদের এ স্বীকৃতি নিঃসন্দেহে শিক্ষা অঙ্গনে নতুন অনুপ্রেরণা যোগাবে। শিক্ষা কর্মকর্তাদের মতে, এই সম্মাননা শিক্ষকদের কাজের প্রতি দায়িত্ববোধ বাড়াবে এবং শিক্ষার মান উন্নয়নে সহায়ক হবে। শিক্ষাবিদরাও একমত যে, শিক্ষকদের সম্মানিত করা মানে শিক্ষা খাতের মর্যাদা বৃদ্ধি করা। আর প্রশাসনের এই উদ্যোগ নিঃসন্দেহে শিক্ষাক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলবে। আমাদের বিশ্বাস, এ স্বীকৃতি অন্য শিক্ষকদেরও উৎসাহিত করবে এবং আগামী প্রজন্মকে গড়ে তুলতে তারা আরও নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে কাজ করবেন। মনে রাখতে হবে, শিক্ষক মানেই আলোর দিশারীড়যিনি অন্ধকার থেকে আলোতে নিয়ে আসেন। তাই শিক্ষকদের সম্মানিত করার উদ্যোগ অব্যাহত থাকুক, আরও বিস্তৃত হোক।

## মাথা পচলে শরীর টেকে না

মাহবুবুল হক পোলেন



মাছ যেমন পচে মাথা থেকে, রাষ্ট্রও তেমনি পচে তার মূল কাঠামো থেকে। দুর্নীতি, প্রশাসনিক অব্যবস্থাপনা কিংবা কুচক্রীতা আসলে উপসর্গ মাত্র। মূল পচন শুরু হয় রাষ্ট্রের মাথা শিক্ষা ব্যবস্থা থেকে। আর শিক্ষার প্রাণ হলো শিক্ষক। শিক্ষক যদি অযোগ্য বা দায়িত্বহীন হন, তবে শিক্ষার আলো শিক্ষার্থীর কাছে পৌঁছায় না। বাংলাদেশের সীমান্তঘেঁষা জেলা মেহেরপুরে বর্তমানে সাক্ষরতার হার প্রায় ৬৬.৭%। সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে প্রায় ৭৫ হাজার শিক্ষার্থী পড়াশোনা করছে। তবে সংখ্যার দিক দিয়ে উন্নতি হলেও শিক্ষার মানের সংকট রয়ে গেছে বহাল। শুধু গত কয়েক বছরে মেহেরপুরে ১৬২টি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মাণ করা হয়েছে, বিজ্ঞানাগার ও ডিজিটাল ল্যাব চালু হয়েছে, প্রায় ২৭২ কোটি টাকার বাজেট ব্যয় করা হয়েছে অবকাঠামো উন্নয়নে। কিন্তু গুণগত শিক্ষার আসল প্রশ্নটি থেকে গেছে অনুত্তরিত।

এ জেলার একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ নিয়ে অনিয়ম ও বাণিজ্যের অভিযোগ প্রমাণিত হয়েছে। উদাহরণস্বরূপ, গাংনী উপজেলার একাধিক প্রতিষ্ঠানে অনুমোদন ছাড়া শিক্ষক নিয়োগ দেওয়া হয়েছে; এমপিওভুক্তির নামে ভুয়া শাখা খোলার ঘটনাও ঘটেছে। এসব অনিয়ম শুধু প্রতিষ্ঠানের মর্যাদাকেই প্রশ্নবিদ্ধ করছে না, শিক্ষার্থীর ভবিষ্যৎকেও অন্ধকার করছে। যে শিক্ষক যোগ্যতার চেয়ে টাকার বিনিময়ে পদ পান, তিনি কতটা দায়বদ্ধ হবেন শিক্ষার্থীর প্রতি? এই প্রশ্নের উত্তরই আমাদের শিক্ষা ব্যবস্থার আসল সংকট। মেহেরপুরের টেকনিক্যাল স্কুল ও কলেজের ফলাফলে দেখা যায়, ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পাশের হার ৯০%৯৬%।

কিন্তু উচ্চমাধ্যমিক পর্যায়ে এসে পাশের হার নেমে আসে ৬৩%-এ। সংখ্যার এই বৈষম্য প্রমাণ করে শিক্ষার্থীরা যত ওপরে ওঠে, শিখন দক্ষতার ঘাটতি তত প্রকট হয়। এর অর্থ হলো, প্রাথমিক ও মাধ্যমিক স্তরে মৌলিক দক্ষতা যথাযথভাবে গড়ে তোলা যাচ্ছে না। অনেকেই দায়িত্বশীল আলোকদাতা নন, বরং চাকরিজীবী মাত্র। ফলে শিক্ষার্থী তথ্য মুখস্থ করতে শেখে, কিন্তু সমালোচনামূলক চিন্তা, দায়িত্ববোধ বা নৈতিকতা অর্জন করতে পারে না।

আজ আমরা সমাজে দুর্নীতি, অনৈতিকতা ও প্রশাসনিক ব্যর্থতা নিয়ে ক্ষুব্ধ হই। কিন্তু এগুলো আসলে মূল কারণ নয়, বরং শিক্ষার দুর্বলতার ফল। একজন শিক্ষক যদি সততা শেখাতে ব্যর্থ হন, একজন শিক্ষার্থী যদি দায়িত্ববোধ না শিখে বড় হয় তাহলে সে সমাজে গিয়ে সততা ও নৈতিকতার আলো কীভাবে ছড়াবে? অতএব, রাষ্ট্রের মাথা সুস্থ না হলে শরীর কখনো সুস্থ হতে পারে না।

## চাঁদের চেয়ে সুন্দর ছিলেন প্রিয় নবী (সা.)জাহেদুল ইসলাম

মুহাম্মদ আল আমিন

প্রিয় নবী হজরত মুহাম্মদ (সা.) ছিলেন পৃথিবীর সবচেয়ে সুন্দর সৃষ্টি। মহান আল্লাহ তাঁকে এমন অপরূপ সৌন্দর্যে সৃষ্টি করেছেন, যা ইতিহাসে আর কারও ভাগ্যে জোটেনি। সাহাবায়ে কেরাম নানা সময়ে তাঁর আকার-আকৃতি ও গুণাবলি বর্ণনা করেছেন। হজরত আলী (রা.) বলেন, রসুল (সা.) অতিরিক্ত লম্বা বা খাটো ছিলেন না; বরং মধ্যম আকৃতির। তাঁর চুল ছিল না পুরোপুরি সোজা, না পুরো কোঁকড়ানো, বরং মাঝামাঝি। চেহারা ছিল লম্বাটে গোল, গায়ের রং ছিল লাল-সাদার সমন্বয়। চোখ ছিল কালো, চোখের পলক ছিল লম্বা। শরীর প্রায় পশমহীন, তবে বুক থেকে নাভি পর্যন্ত চিকন পশমের একটি রেখা ছিল। হাঁটার সময় মনে হতো তিনি উচ্চ স্থান থেকে নামছেন। কাঁধের মাঝখানে ছিল নবুয়তের বিশেষ নিদর্শন। হজরত জাবের (রা.) বলেন, চাঁদনি রাতে নবীজি (সা.)কে দেখে মনে হয়েছিল তিনি চাঁদের চেয়েও সুন্দর (তিরমিজি, দারেমি)। হজরত কা'ব ইবনে মালেক (রা.) বলেন, আনন্দিত হলে তাঁর চেহারা চাঁদের টুকরোর মতো উজ্জ্বল হয়ে উঠত (বুখারি, মুসলিম)। হজরত ইবনে আব্বাস (রা.) বলেন, তাঁর সম্মুখের দাঁত দুটির ফাঁক দিয়ে কথা বলার সময় যেন আলো বিচ্ছুরিত হতো (দারেমি) ।হজরত আবু হোরায়রা (রা.) বলেন, আমি তাঁর চেয়ে সুন্দর কাউকে দেখিনি। মনে হতো সূর্য যেন তাঁর মুখমণ্ডলে ভাসছে। হাঁটার সময়ও তিনি ছিলেন দ্রুতগামী, অথচ চলাফেরা ছিল স্বাভাবিক (তিরমিজি) ।নবীজি (সা.) ছিলেন কোমল স্বভাবের, সত্যভাষী, দাতা ও মহৎ চরিত্রের অধিকারী। যিনি তাঁকে প্রথম দেখতেন, ভয়ে-ভক্তিতে মুগ্ধ হতেন; আর যিনি ঘনিষ্ঠ হতেন, তিনি প্রাণভরে ভালোবাসতেন। মানবতার অন্ধকার যুগে তিনি আলো জ্বালিয়েছেন, মানুষকে ভদ্রতা, হেদায়েত ও সত্যের পথে ফিরিয়ে এনেছেন। তিনি সত্যিই ছিলেন খাতামুন নাবিয়্যিনড়সব নবীর সমাপ্তি ও শ্রেষ্ঠত্বের প্রতীক। আল্লাহর দরবারে আমাদের প্রার্থনা, মহানবী (সা.)-এর সাক্ষাৎ অন্তত স্বপ্নে হলেও নসিব হোক। আমিন।

## আমাদের সূর্যোদয় পত্রিকার সংবাদে

(প্রথম পৃষ্টার পর)

আগস্ট মাসে চাল নিতে আসেননি।" তবে টিপসহির বিষয়ে জিজ্ঞাসা করলে তিনি সঠিক জবাব দিতে ব্যর্থ হন এবং এড়িয়ে যেতে চেষ্টা করেন।

## প্রধান উপদেষ্টার সফরসঙ্গী হয়ে

(প্রথম পৃষ্টার পর)

করা হয়েছে।" অতীতে জাতিসংঘ অধিবেশনে সরকারপ্রধানদের সফরসঙ্গী হতেন কেবল মন্ত্রী এবং ক্ষমতাসীন দলের নেতারা। এবারই প্রথমবারের মতো ক্ষমতার বাইরে থাকা রাজনৈতিক দলের প্রতিনিধিরা জাতিসংঘের মঞ্চে প্রধান উপদেষ্টার সফরসঙ্গী হিসেবে যোগ দিচ্ছেন। তৌহিদ হোসেন জানান, প্রধান উপদেষ্টা ২৬ সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদের মূল অধিবেশনে ভাষণ দেবেন। এতে অন্তর্বর্তী সরকারের এক বছরের কার্যক্রম, গণতন্ত্রে বাংলাদেশের নতুন যাত্রা এবং তরুণযুবসমাজের প্রত্যাশা তুলে ধরা হবে। একই সঙ্গে রোহিঙ্গা সংকট নিয়েও বিশেষ আলোচনা হবে। রোহিঙ্গা ইস্যু প্রসঙ্গে তিনি বলেন, "গতবারের সম্মেলনে রোহিঙ্গা বিষয়ে উচ্চ পর্যায়ের বৈঠকের আহ্বান জানিয়েছিলেন প্রধান উপদেষ্টা। এবারও বিষয়টি বিশেষ গুরুত্ব পাবে। ইতোমধ্যেই জাতিসংঘ মহাসচিব ও আরও প্রতিনিধিরা কক্সবাজারের ক্যাম্প পরিদর্শন করেছেন।" যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে প্রধান উপদেষ্টার বৈঠক হবে কিনাড়এ প্রশ্নের জবাবে তৌহিদ হোসেন বলেন, এ ধরনের আয়োজনে কিছু বৈঠক চূড়ান্ত হয়, আবার কিছু বাতিল হয়। বিদেশ সফরে গেলে সরকারের প্রতিনিধিরা বিব্রতকর পরিস্থিতির মুখোমুখি হচ্ছেনড়এ বিষয়ে তিনি বলেন, "নিউইয়র্কে মিছিল-সমাবেশ অস্বাভাবিক নয়। কেউ নাশকতা করলে দ্রুত ব্যবস্থা নেয় পুলিশ। তবে 'হ্যারাসমেন্ট' পুরোপুরি ঠেকানো সম্ভব নয়।" প্রধান উপদেষ্টা ও তাঁর সফরসঙ্গীরা আগামী ২ অক্টোবর দেশে ফেরার কথা রয়েছে। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম, প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম, উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার ও জ্যেষ্ঠ সহকারী প্রেস সচিব ফয়েজ আহম্মদ।

## ঘুষের টাকা না দেওয়াই বের করে

(প্রথম পৃষ্টার পর)

আরও ৫ লাখ টাকা দিতে হবে। টাকা দিতে অস্বীকার করলে বিদ্যালয় থেকে বের করে দেন। তিনি আরও জানান, বিষয়টি তিনি তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেনকে মৌখিকভাবে অবগত করেছেন। তিনি আরো বলেন আমি গরিব মানুষ। অনেক কষ্টে ধারদেনা করে আগের টাকা দিয়েছি। এখন আবার পাঁচ লাখ টাকা দেওয়ার মতো সামর্থ্য নেই। আমি চাকরি করতে চাই, তবে ঘুষ দিয়ে নয়।" গাংনী পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কয়েকজন শিক্ষক জানান, প্রধান শিক্ষক আশরাফুজ্জামান দীর্ঘদিন ধরে নানা অনিয়ম-দুর্নীতি করে আসছেন। তার ভাই গাংনীর সাবেক মেয়র আহমেদ আলীর রাজনৈতিক প্রভাব কাজে লাগিয়ে তিনি ক্ষমতার অপব্যবহার করেন। বিদ্যালয় জাতীয়করণের সময় প্রত্যেক শিক্ষক ও কর্মচারীর কাছ থেকে ৪ থেকে ৫ লাখ টাকা করে ঘুষ নিয়েছেন। টাকা না দিলে হয়রানির শিকার হতে হয়েছে। অভিযোগ রয়েছে, সম্প্রতি বিদ্যালয়ের উন্নয়ন দেখিয়ে সরকারি ফান্ড থেকে ভুয়া বিল-ভাউচার তৈরি করে প্রায় ৪ লাখ টাকা আত্মসাৎ করেছেন প্রধান শিক্ষক। এমনকি বিদ্যালয়ের একাধিক মূল্যবান গাছ কোনো রেজুলেশন ছাড়াই বিক্রি করে ব্যক্তিগতভাবে টাকা আত্মসাৎ করেছেন তিনি। বিদ্যালয়ের সকল শিক্ষক এসব দুর্নীতির কথা জানেন, তবে তার ক্ষমতার ভয়ে প্রকাশ্যে কেউ মুখ খুলতে চান না।

এ বিষয়ে প্রধান শিক্ষক মো. আশরাফুজ্জামান সাংবাদিকদের বলেন, বিদ্যালয় জাতীয়করণের সময় আসলেই কিছু খরচ হয়েছে। এ কারণে শিক্ষক-কর্মচারীদের কাছ থেকে টাকা নেওয়া হয়েছিল। তবে এটি আমাদের অভ্যন্তরীণ বিষয়। ৫ লাখ টাকা ঘুষ দাবি করার অভিযোগ তিনি এড়িয়ে যান এবং অফিস সহায়ককে বিদ্যালয় থেকে বের করে দেওয়ার ঘটনাও অস্বীকার করেন। গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন বলেন, ঘুষ না দেওয়ায় অফিস সহায়ককে বিদ্যালয়ে প্রবেশে বাধা দেওয়ার বিষয়ে আমি অবগত রয়েছি। হাসানুজ্জামানকে লিখিত অভিযোগ দেওয়ার জন্য বলা হয়েছে। লিখিত অভিযোগ পেলে তদন্তসাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

## দারিয়াপুরে বিএনপির গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

দারিয়াপুর ইউনিয়নের বিভিন্ন এলাকায় গণসংযোগ কার্যক্রম পরিচালনা করা হয়। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মেহেরপুর জেলা শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবীব সোনা, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব হাসান আলী এবং জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি প্রমুখ। সংগঠনের পক্ষ থেকে জানানো হয়, স্থানীয় জনগণের সঙ্গে সরাসরি সংযোগ স্থাপন ও তাদের সমস্যা ও মতামত শোনার উদ্দেশ্যেই এই উঠান বৈঠক ও গণসংযোগের আয়োজন করা হয়েছে।

## গাংনীতে রাতের আঁধারে চার

(প্রথম পৃষ্টার পর)

অলিউল্লাহর এক লক্ষাধিক টাকা, চা ব্যবসায়ী মুকুল হোসেনের প্রায় পাঁচ হাজার টাকা এবং জসীম উদ্দীনের প্রায় বিশ হাজার টাকার ক্ষতি হয়েছে। মুদির ব্যবসায়ী আশরাফুল ইসলাম বলেন, "প্রতিদিনের মতো দোকান বন্ধ করে বাড়ি যাই। ভোরে খবর পাই তালা ভেঙে দোকানে ঢুকে নগদ ১১ হাজার টাকা, ৪৫ হাজার টাকার মোবাইল রিচার্জ কার্ড, এক লক্ষাধিক টাকার বিভিন্ন ব্র্যান্ডের সিগারেটসহ সাবান ও নিত্যপ্রয়োজনীয় পণ্য চুরি করেছে চোরেরা।" এ ব্যাপারে তিনি গাংনী থানায় অবহিত করেছেন। একাধিক দোকানে একসাথে চুরির ঘটনায় এলাকায় চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। স্থানীয়রা বলেন, "আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির কারণে প্রায়ই চুরি-ডাকাতি ঘটছে। পুলিশকে আরও সক্রিয় হতে হবে এবং ব্যবসায়ীদেরও সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।" গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল জানান, হাড়িয়াদহ-মহিষাখোলা মোড় এলাকায় দোকান ভাঙচুর ও চুরির ঘটনা ঘটেছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

## তারেক রহমান

(প্রথম পৃষ্টার পর)

অন্যতম প্রধান দায়িত্ব হলো প্রতিটি ভোটারের আস্থা অর্জন করা। এ জন্য তৃণমূল থেকে কেন্দ্র পর্যন্ত সাংগঠনিক কাঠামো শক্তিশালী করার পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হচ্ছে। তারেক রহমান জানান, দলীয় শৃঙ্খলা রক্ষায় ইতোমধ্যে দুর্নীতি, চাঁদাবাজি ও অসদাচরণের দায়ে সাত হাজারের বেশি সদস্যের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হয়েছে। কেউ পদচ্যুত হয়েছেন, আবার অনেককে বহিষ্কারও করা হয়েছে।

তিনি বলেন, "শৃঙ্খলা কোনো দুর্বলতা নয়; বরং সেটিই আমাদের শক্তি। নিজেদের সদস্যদের দায়বদ্ধ করার মাধ্যমেই আমরা প্রমাণ করেছি যে বিএনপি সততার ব্যাপারে আন্তরিক।" বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান বলেন, তরুণরা রাজনীতিকে কেবল ক্ষমতার খেলা হিসেবে দেখতে চায় না, বরং দেখতে চায় সবার অংশগ্রহণে গড়ে ওঠা একটি মহৎ ক্ষেত্র হিসেবে। এ জন্য শিক্ষা, স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান, জলবায়ু পরিবর্তন ও ডিজিটাল উদ্ভাবনসহ ৩১ দফা কর্মসূচির ভিত্তিতে নীতিমালা প্রণয়ন করা হয়েছে। নারী, তরুণ নেতা ও পেশাজীবীদের অংশগ্রহণও বাড়ানো হচ্ছে। তারেক রহমান বলেন, "বাংলাদেশের বর্তমান চ্যালেঞ্জগুলো আলাদা। তাই আমাদের পদক্ষেপগুলোও হতে হবে নতুনভাবে চিন্তা-নির্ভর। তবে আমরা ইতিহাসকে অস্বীকার করি না; বরং তার ভিত্তিতেই এগিয়ে যেতে চাই।" তিনি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা এবং খালেদা জিয়ার গণতন্ত্র রক্ষার সংগ্রামের কথা তুলে ধরেন। সহকর্মীদের উদ্দেশে তিনি বলেন, "আসুন আমরা ঐক্যবদ্ধ ও শৃঙ্খলাবদ্ধ থাকি এবং জনগণের সেবায় প্রতিশ্রুতিবদ্ধ হই। তাহলেই প্রমাণ করা যাবে যে বাংলাদেশে একটি জবাবদিহিমূলক রাষ্ট্রব্যবস্থা ও স্থিতিশীল প্রাতিষ্ঠানিক কাঠামো গড়ে তোলা সম্ভব।"

## তালেবানের আমন্ত্রণে আফগানিস্তানে

(প্রথম পৃষ্টার পর)

উচ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করবেন। আলোচনায় দুই দেশের আলেমদের মধ্যে সম্পর্ক দৃঢ় করা, কূটনৈতিক সম্পর্ক উন্নয়ন, বাণিজ্য, স্বাস্থ্য ও শিক্ষা খাতে সহযোগিতা বৃদ্ধি অগ্রাধিকার পাবে। এ ছাড়া প্রতিনিধি দল আফগানিস্তানে সাম্প্রতিক ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করবেন। সফরে বিশেষভাবে মানবাধিকার ও নারী অধিকার প্রসঙ্গ নিয়ে পশ্চিমা বিশ্বের সমালোচনার প্রেক্ষিতে আফগানিস্তানের বাস্তব পরিস্থিতিও সরাসরি পর্যবেক্ষণ করবেন তারা। প্রতিনিধি দলে মামুনুল হক ছাড়াও রয়েছেন হেফাজতে ইসলাম বাংলাদেশের নায়েবে আমির ও মধুপুরের পীর মাওলানা আবদুল হামিদ, মাওলানা আবদুল আউয়াল, মাওলানা আবদুল হক, মাওলানা হাবিবুল্লাহ মাহমুদ কাসেমী, মাওলানা মনির হোসাইন কাসেমী এবং মাওলানা মাহবুবুর রহমান। এর আগে, গত ১৪ সেপ্টেম্বর প্রতিনিধি দল পবিত্র ওমরাহ পালনের উদ্দেশ্যে সৌদি আরব যান এবং ওমরাহ সম্পন্ন করার পর দুবাই হয়ে কাবুলে পৌছান। আফগানিস্তান সফর শেষে প্রতিনিধি দলের মধ্য এশিয়ার আরও কয়েকটি দেশ সফরের পরিকল্পনা রয়েছে।

## দুর্গাপূজা শান্তিপূর্ণ উদযাপনে

(প্রথম পৃষ্টার পর)

বিভাগীয় বিএনপির উদ্যোগে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির তথ্য সম্পাদক আজিজুল বারী হেলাল। বিশেষ অতিথি ছিলেন ছাত্র বিষয়ক সম্পাদক রকিবুল ইসলাম বকুল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির খুলনা বিভাগের ভারপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত। সঞ্চালনায় ছিলেন সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু। সভায় খুলনা বিভাগের বিভিন্ন জেলা ও মহানগর নেতাদের পাশাপাশি মেহেরপুর জেলা বিএনপির সভাপতি আলহাজ্ব জাভেদ মাসুদ মিল্টন ও সাধারণ সম্পাদক এডভোকেট কামরুল হাসানসহ বিএনপির অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## বুড়িপোতায় শিক্ষা, কৃষি সামগ্রী বিতরণ

(প্রথম পৃষ্টার পর)

বুড়িপোতা ইউনিয়ন পরিষদ মিলনায়তনে জেলা প্রশাসক ড. মোহামদ আবদুল ছালাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব সামগ্রী বিতরণ করেন। এর মধ্যে রয়েছেড়দুঃস্থ মহিলাদের জন্য ১৫টি সেলাই মেশিন, প্রান্তিক কৃষকদের জন্য ২৪টি স্প্রে মেশিন, প্রতিবন্ধীদের জন্য হুইলচেয়ার, বিভিন্ন বিদ্যালয়ের জন্য ২০০ ফুটবল, ১০ সেট জার্সি, ৩টি ল্যাপটপ, ১৬ বিদ্যালয়ে খেলার সামগ্রী (প্রতিটি বিদ্যালয়ে ৬ সেট করে) এবং ৭টি মাধ্যমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় ঔষধ। এছাড়া এফডব্লিউসি-তে তালিকাভুক্ত সেবাগ্রহীতাদেরও প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইসমাইল হোসেন। বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম এবং সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট খাদিজা আক্তার। বক্তব্য রাখেন ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা সানোয়ার হোসেন সানু, ইউপি সদস্য সার্থক আলী, শাহাদাত হোসেন চঞ্চল, আমপারা খাতুন, বুলবুলি খাতুন ও হাজেরা খাতুন। অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষক, চাষি ও দুঃস্থ মহিলারা উপস্থিত থেকে সামগ্রী গ্রহণ করেন।

## মেহেরপুর কোর্ট হাজতখানায়

(প্রথম পৃষ্টার পর)

ম্যাজিস্ট্রেট সত্যব্রত শিকদার, মোঃ জুয়েল রানা, মোছাঃ শারমিন নাহার, মোঃ জাহিদুর রহমান, সিনিয়র সহকারী জজ মেহেদী হাসান, লিগ্যাল এইড অফিসার মোছাঃ লাবনী সুলতানা পলি, সহকারী জজ মোঃ মাসুদ রানা এবং জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুর রহমানসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। লাইব্রেরীর মাধ্যমে হাজতখানায় থাকা নাগরিকরা সহজেই শিক্ষামূলক ও তথ্যবহুল বই-পত্র থেকে উপকৃত হতে পারবেন।

## পুলিশের আইন-শৃঙ্খলা ও অপরাধ

(প্রথম পৃষ্টার পর)

পরিশ্রম, নিষ্ঠা ও পেশাদারিত্বের সঙ্গে সকল নাগরিককে মানসম্মত পুলিশিং সেবা প্রদানের উপর গুরুত্ব আরোপ করা হয়। সভায় আগস্ট মাসে মাদকদ্রব্য উদ্ধার, সাজা ওয়ারেন্ট তামিল, আসামী গ্রেফতারসহ জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ মামলার অগ্রগতি আলোচনা করা হয়। এছাড়াও ভালো কাজের স্বীকৃতি স্বরূপ নগদ অর্থ ও ক্রেস্ট প্রদান করা হয়। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্), অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) এবং জেলা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## ইসি সচিব

(প্রথম পৃষ্টার পর)

স্থানীয় ক্রয় প্রক্রিয়া বাকি আছে, সেগুলোও চলমান।" তিনি আরও জানান, সেপ্টেম্বর মাসের মধ্যেই অবশিষ্ট সব সরঞ্জাম সংগ্রহ সম্পন্ন হবে। "নির্বাচন সামগ্রী নিয়ে সংকটে পড়ার কোনো আশঙ্কা নেই। সাপ্লাই লাইন পুরোপুরি ঠিক আছে। বরং আমরা বলতে পারি, সেপ্টেম্বরের মধ্যেই যাবতীয় সামগ্রী হাতে পাব। ফলে নির্বাচনের প্রস্তুতির ক্ষেত্রে সামগ্রী সংক্রান্ত বিষয়টি ইতিমধ্যে নিশ্চিত করা হয়েছে।" ইসি সচিব আখতার আহমেদ আশ্বাস দেন, নির্বাচন ঘিরে সরঞ্জাম সংকট বা কোনো জটিলতার সুযোগ নেই। সময়মতো সব প্রস্তুতি সম্পন্ন করেই জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে।

## শিক্ষার মান

(প্রথম পৃষ্টার পর)

আলাপচারিতার মাধ্যমে বিদ্যালয়ের কার্যক্রম ও শিক্ষার পরিবেশ বোঝার চেষ্টা করলেন। বিদ্যালয়ে প্রবেশের সময় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ সিদ্দিকুর রহমান জেলা প্রশাসককে ফুলেল শুভেচ্ছা জানিয়ে আন্তরিকভাবে স্বাগত জানান। এরপর জেলা প্রশাসক বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণীকক্ষ পরিদর্শন করেন, শিক্ষার্থীদের পাঠদানের ধরন, পাঠ্যক্রমে মনোযোগ ও স্কুল পরিবেশের মান নিয়ে সরাসরি শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন। শিক্ষার্থীরা তাদের শিক্ষাজীবনের অভিজ্ঞতা ভাগাভাগি করে, যা জেলা প্রশাসককে শিক্ষার মান উন্নয়নে আরও কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য অনুপ্রাণিত করেছে। এ সময় সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খাইরুল ইসলাম, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট খাদিজা আক্তার উপস্থিত ছিলেন। তারা জেলা প্রশাসকের পরিদর্শনের বিভিন্ন দিক নজরদারিতে সহযোগিতা করেন এবং বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের সঙ্গে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। ড. মোহাম্মদ আবদুল ছালাম পরিদর্শনের সময় বিদ্যালয়ের শিক্ষার মান বৃদ্ধির জন্য কয়েকটি পরামর্শ দেন। তিনি শিক্ষকদের উৎসাহিত করতে বলেন, শিক্ষার্থী কেন্দ্রিক পাঠদান, শিক্ষার্থীদের সৃজনশীল কার্যক্রমে অংশগ্রহণ এবং পাঠ্যক্রমের সঙ্গে আধুনিক শিক্ষাপদ্ধতির সমন্বয় করতে হবে। এছাড়াও তিনি বলেন, বিদ্যালয়ের পরিবেশ শিক্ষার্থীর মনোবল বৃদ্ধি করতে হবে, যা সরাসরি শিক্ষার গুণগত মানে প্রভাব ফেলে। বিদ্যালয়টির শিক্ষক ও শিক্ষার্থীরা জেলা প্রশাসকের এই আকস্মিক পরিদর্শনকে অত্যন্ত ইতিবাচক মনে করেন। তারা মনে করছেন, প্রশাসনের সরাসরি আগ্রহ ও পর্যবেক্ষণ তাদের শিক্ষার মান উন্নয়নে প্রেরণা যোগাবে।

## যৌথ বাহিনীর অভিযানে দেশী

(প্রথম পৃষ্টার পর)

সেপ্টেম্বর) বিকেলে গোপন তথ্যের ভিত্তিতে সেনাবাহিনী এ অভিযান পরিচালনা করে। আটক আলবাপ আলিফ খান শাকিল গ্যাংয়ের এক সক্রিয় সদস্য ও মেহেরপুর শহরের শেখপাড়ার আলিফ আরাফাত খানের ছেলে। সেনা সূত্রে জানা যায়, তার কাছ থেকে একটি চাইনিজ কুড়াল, একটি ইলেকট্রিক টেজার, একটি ফ্লোল্ডিং স্টিক ও একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। পরে আটক আলিফকে উদ্ধারকৃত আলামতসহ মেহেরপুর সদর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে বলে সেনা ক্যাম্প থেকে নিশ্চিত করা হয়েছে।

## মুজিবনগরে পুলিশের অভিযানে

(প্রথম পৃষ্টার পর)

দণ্ডবিধি, ১৮৬০ এর ৩০৭/৫০৬(২)/৩২৩/৩২৬ ধারায় মামলা দায়ের করা হয়েছিল। গ্রেফতারকৃতদের প্রয়োজনীয় প্রক্রিয়া অনুসারে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে। তিনি আরো বলেন আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধ দমন করতে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

## মেহেরপুর জেনারেল হাসপাতালের

(প্রথম পৃষ্টার পর)

উপস্থিত থাকার কথা রয়েছে জাতীয় ঐকমত্য কমিশনের সদস্য ড. বদিউল আলম মজুমদার, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোখলেস উর রহমান, স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের সচিব, সাইদুর রহমান, পরিকল্পনা মন্ত্রণালয়ের সচিব কামাল উদ্দিন, খুলনা বিভাগীয় কমিশনার ফিরোজ সরকার, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবু জাফর, খুলনা রেঞ্জের ডি আই জি জেরাউল হক, খুলনা বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ডা. মজিবুর রহমান, মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম, পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী, সিভিল সার্জন ডা. এ কে এম আবু সাইদ, মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক ডা. শাহরিয়া শায়লা জাহান। মেহেরপুর জেনারেল হাসপাতালটি ২৫০ শয্যার হলেও অবকাঠামো ও জনবল ছিল ১০০ শয্যার। এতে জেলার মানুষের চিকিৎসা সেবা ব্যাহত হত। ধারন ক্ষমতার দ্বিগুণ রোগী আসতো চিকিৎসা নিতে। কেউ মেঝেতে শুয়ে, কেউ বারান্দায় শুয়ে আবার কেউ সিড়ির নিচে শুয়ে চিকিৎসা নিয়েছে। এতে রোগীসহ ডাক্তার নার্সদের ভোগান্তিতে পড়তে হয়েছে। তবে ৮ তলা বিশিষ্ট এই ভবনে কার্যক্রম শুরু হলে সেই ভোগান্তি অনেকটাই লাঘব হবে বলে মত স্বাস্থ্য বিভাগের। হাসপাতাল কতৃপক্ষ জানান, নতুন ভবনে কার্যক্রম শুরু হলে রোগীদের থাকার কোন অসুবিধা হবে না। বেশ কিছু যন্ত্রপাতি যুক্ত হবে। জনবল সংকটের নিরসন হবে। এতে জনগন কাঙ্খিত সেবা পাবে। এর আগে ২০২৩ সালের ১২ নভেম্বর হাসপাতালের কাজ প্রায় ৬০ শতাংশ কাজ বাকি রেখে উদ্বোধন করেন তৎকালীন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। দ্বাদশ জাতীয় নির্বাচনের তফসিল ঘোষণার ঠিক আগ মুহূর্তে তড়িঘড়ি করে এই উদ্বোধনকে ঘিরে অসন্তোষ ও সমালোচনা তৈরি হয়েছিল, কারণ তখনো ভবনের নির্মাণ কাজ পুরোপুরি শেষ হয়নি। কিন্তু উদ্বোধনে পরেও নির্মাণ কাজ শেষ না হওয়ায় ভবনে কোন কার্যক্রম পরিচালনা করা যায়নি। পরে ৫ আগষ্ট সরকার পতনের পর ফের নির্মাণ কাজ শুরু হয়। ৮ তলা বিশিষ্ট এই ভবন নির্মাণে ব্যায় হয়েছে প্রায় ৭৫ কোটি টাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর, মেহেরপুর।

স্মারক নং- উমাশিঅ/মেহের/ম্যা: ক:- ৪৫(৩)/২০২৫/১৭৫ তারিখ : ১৮/০৯/২০২০ খ্রি.

**ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৫**
**মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।**

**মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের জন্য তফসীল ঘোষণা**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসীল নিম্নে প্রদান করা হলো।

০১। মনোনয়ন পত্র গ্রহণ ও জমাদান : ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর / ২০২৫ ( সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত )
*. মনোনয়ন পত্র প্রাপ্তি স্থান : প্রধান শিক্ষক, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর কার্যালয়।
*. মনোনয়ন পত্র জমাদানের স্থান ঃ মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর কার্যালয়।
০২। মনোনয়ন পত্র বাছাই : ২৮/০৯/২০২৫ খ্রি. (বিকাল ৪.০০ টা)।
*. স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর, মেহেরপুর।
০৩। মনোনয়ন পত্র প্রত্যাহার ঃ ০১/১০/২০২৫ খ্রি. বিকাল ৪.০০ টার মধ্যে।
*. স্থান ঃ মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর প্রধান শিক্ষকের নিকট।
০৪। নির্বাচন ঃ ১২/১০/২০১৫ খ্রি. (সকাল ১০.০০ টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪.০০ টা পর্যন্ত )
*. স্থানঃ মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গন।

(মোঃ মনিরুল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মেহেরপুর সদর, মেহেরপুর।
ও
প্রিজাইডিং অফিসার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-কুষ্টিয়া
অস্থায়ী কার্যালয়: আড়ুয়াপাড়া, চামড়াপট্টি, কুষ্টিয়া

**বাড়ি ভাড়া নেওয়ার বিজ্ঞপ্তি**

কর অঞ্চল-কুষ্টিয়া এর অধীন ২২ টি সার্কেল অফিস, কর কমিশনারের কার্যালয়, ৪ টি পরিদর্শী রেঞ্জ কর্মকর্তার কার্যালয় এর জন্য নিম্নে বর্ণিত সারণী মোতাবেক অফিস/বাড়ি ভাড়া আবশ্যক।

| ক্রমিক নং | কার্যালয়ের নাম | কার্যালয়ের অবস্থান | ভবনের পরিমাণ পার্কিংসহ (বর্গফুটে) |
|---|---|---|---|
| ০১ | কর কমিশনারের কার্যালয়, ৩ টি পরিদর্শী রেঞ্জ এর কার্যালয় এবং ৯ টি সার্কেল অফিস | কুষ্টিয়া সদর | ২৭,৬৬৫ |
| ০২ | ১ টি পরিদর্শী রেঞ্জ এর কার্যালয় এবং ৫ টি সার্কেল অফিস | চুয়াডাঙ্গা সদর | ১১,৬৯০ |
| ০৩ | ৩ টি সার্কেল অফিস | মেহেরপুর সদর | ৬,০৭৫ |
| ০৪ | ২ টি সার্কেল অফিস | ভেড়ামারা | ৪,০৫০ |
| ০৫ | ২ টি সার্কেল অফিস | কুমারখালী | ৪,০৫০ |
| ০৬ | ১ টি সার্কেল অফিস | মিরপুর | ২,০২৫ |

আগ্রহী এক/একাধিক বাড়ির মালিক বা তাদের প্রতিনিধিকে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনেরো) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর সহিত অফিস চলাকালীন সময়ে সরাসরি যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

এস এম মঞ্জুরুল আলম
সহকারী কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-কুষ্টিয়া
ফোন: ০২৪৭৮-৮৫৩২৭৭
Email: commissioner.kushtia@nbr.gov.bd